

ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ৯২তম বোর্ডসভার কার্যবরণা।

তারিখ : ৩১ মে, ২০১০
স্থান : সভাকক্ষ, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড।
সভাপতি : কর্নেল তানভির হাসান মজুমদার
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড
ও
স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস।

সভায় উপস্থিত সদস্যবৃন্দ

- (১) ক্যাপ্টেন আসলাম পারভেজ, (ট্যাজ), এএফডব্লিউসি, পিএসসি, বিএন
অধিনায়ক
বিএনএস হাজী মহসিন, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। উপস্থিত
- (২) গ্রুপ ক্যাপ্টেন মোহাম্মদ ওয়াসেক ইকবাল খান মজলিশ, পিএসসি, জিডি(পি)
অধিনায়ক (প্রশাসনিক শাখা)
বিমানবাহিনী ঘাঁটি বাশার, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। উপস্থিত
- (৩) লেঃ কর্নেল মোঃ সাঈদ আনোয়ারুল ইসলাম
সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। উপস্থিত
- (৪) প্রতিনিধি, কমান্ড্যান্ট
সম্মিলিত সামরিক হাসপাতাল, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। অনুপস্থিত
- (৫) ব্রিগেডিয়ার জেনারেল (অবঃ) মোঃ মোতাহার হোসেন
বাড়ী#১৮৬, লেন#৩, ডিওএইচএস বারিধারা, ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। উপস্থিত
- (৬) জনাব হেলাল উদ্দিন আহমেদ
বাড়ী#১৯, রোড#৩, ক্যান্টনমেন্ট বাজার এলাকা
ঢাকা সেনানিবাস
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। উপস্থিত
- (৭) শাহে এলিদ মাইনুল আমিন
সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট
জেলা প্রশাসক এর কার্যালয়, ঢাকা
ও
সম্মানিত সদস্য, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। উপস্থিত

এছাড়া সভায় বিশেষ আমন্ত্রণে উপস্থিত ছিলেন ব্রিগেঃ জেনাঃ আহমেদ ইমরুল কায়েস, এনডিইউ, পিএসসি (অবঃ),
সেক্রেটারী, বনানী ডিওএইচএস পরিষদ, মেজর খন্দকার নুরুল আফসার (অবঃ), সেক্রেটারী, মহাখালী ডিওএইচএস পরিষদ,
ঃ কর্নেল এম আব্দুর রব (অবঃ), সেক্রেটারী, বারিধারা ডিওএইচএস পরিষদ এবং লেঃ কর্নেল মোঃ শায়েকজ্জামান, পিএসসি
মবঃ), সেক্রেটারী, মিরপুর ডিওএইচএস পরিষদ।

চলমান পাতা-২

সভার শুরুতেই উপস্থিত সদস্য এবং আমন্ত্রিত অতিথিবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় আলোচ্যসূত্রী উপর বিস্তারিত আলোচনাতে নিম্নেবর্ণিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয় :-

আলোচ্যসূত্রী-১ : গত ১৫ এপ্রিল, ২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনা ও দৃঢ়করণ।

আলোচনা : গত ১৫ এপ্রিল, ২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী সভায় বিস্তারিত পর্যালোচনা করা হয়। পর্যালোচনাতে উক্ত সভার কার্যবিবরণী অনুমোদন করা যেতে পারে মর্মে সভায় সর্বসম্মত মত প্রকাশ করা হয়।

গৃহীত সিদ্ধান্ত : গত ১৫ এপ্রিল, ২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার কার্যবিবরণী পর্যালোচনাতে দৃঢ়করণ করা হলো।

আলোচ্যসূত্রী-২ : এপ্রিল, ২০১০ মাসের রাজস্ব আদায়/বকেয়ার হালনাগাদ তথ্যাদি অবলোকন।

আলোচনা : বিষয়টির উপর পর্যালোচনায় দেখা যায় যে, ২০০৯-২০১০ আর্থিক সালে গৃহকর বাবদ মোট চণ্ডি দাবী ২,৩৭,০০,০০০.০০ টাকা এবং পূর্ববর্তী বছরের বকেয়া ৫৭,১৫,৩৩৫.০০ টাকাসহ সর্বমোট দাবী ২,৯৪,১৫,৩৩৫.০০ টাকার মধ্যে ৩০ এপ্রিল, ২০১০ তারিখ পর্যন্ত মোট আদায় হয়েছে ২,৪০,৯৮,০১৬.০০ টাকা। যার মধ্যে ব্যাণ্টনমেন্ট বাজার এলাকার গৃহকর বাবদ ৩২,২৬,৭০১.০০ টাকা, ডিওএইচএস বনানী এলাকার গৃহকর বাবদ ৩৩,৭৮,৪৩৪.০০ টাকা, ডিওএইচএস মহাখালী এলাকার গৃহকর বাবদ ৮২,৬৪,১৮৪.০০ টাকা, ডিওএইচএস বারিধারা এলাকার গৃহকর বাবদ ৮০,৯২,৬৫৪.০০ টাকা, ডিওএইচএস মিরপুর এলাকার গৃহকর বাবদ ৪৫,৯১৫.০০ টাকা, কচুক্ষেত এলাকার গৃহকর বাবদ ১০,৯০,১২৮.০০ টাকা আদায় হয়েছে। এছাড়াও রজনীগন্ধা সুপার মার্কেটের দোকান ভাড়া বাবদ ৯৫,১৫,১৫৮.০০ টাকা আদায় করা হয়েছে। গৃহকর আদায় সংক্রান্ত প্রতিবেদন পর্যালোচনায় প্রতীয়মান হয় যে, কচুক্ষেত পুরান বাজার এলাকা থেকে দীর্ঘ দিন যাবৎ অনাদায়ী গৃহকর আদায় হচ্ছে না। এ বিষয়ে ব্যাণ্টনমেন্ট একজিকিউটিভ অফিসার জানান যে, প্রতিটি হোল্ডিং এর মালিককে বার বার পত্র এবং লোক মারফত তাগিদ প্রদান সত্ত্বেও উক্ত এলাকার বকেয়া গৃহকর আদায় হচ্ছে না।

সিদ্ধান্ত : কচুক্ষেত পুরান বাজার এলাকার বকেয়া গৃহকর আদায়ের লক্ষ্যে কার্যপদ্ধতি নির্ধারণের জন্য নিম্নবর্ণিতভাবে একটি কর্মকর্তা পর্ষদ গঠন করার সিদ্ধান্ত গৃহীত হলো :-

- | | | | |
|-----|---|----|----------|
| (১) | জনাব হেলাল উদ্দিন আহমেদ সম্মানিত বোর্ড সদস্য। | - | আহ্বায়ক |
| (২) | ১ X কর্মকর্তা স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাস। | -- | সদস্য |
| (৩) | জনাব শেখ হাফিজুর রহমান সিনিয়র কন্সটারভেন্সি অফিসার ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |
| (৪) | জনাব মোঃ মতিউর রহমান রেভিনিউ অফিসার ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড। | -- | সদস্য |

উক্ত কমিটি কচুক্ষেত পুরান বাজার এলাকার বিশিষ্ট বাসিন্দাদের সাথে সমন্বয় করে উক্ত এলাকার বকেয়া গৃহকর আদায়ের একটি কার্যপদ্ধতি সুপারিশ করবেন।

আলোচ্যসূত্রী-৩ : এপ্রিল, ২০১০ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণী অবলোকন।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, এপ্রিল, ২০১০ মাসে আয় হয়েছে ২,৬৭,০৯,২০০.৮৩ টাকা এবং ব্যয় হয়েছে ১,৮৯,৯০,৬০১.০০ টাকা।

সিদ্ধান্ত : এপ্রিল, ২০১০ মাসের আয় ও ব্যয়ের হিসাব বিবরণী অনুমোদন করা হলো।

আলোচ্যসূত্রী-৪ : ২০০৯-২০১০ আর্থিক সালের সংশোধিত বাজেট অনুমোদন প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ২০০৯-২০১০ আর্থিক সালের মূল বাজেটের বিভিন্ন খাতে প্রণয়িত ব্যয় হ্রাস করে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর কর্তৃক মূল বাজেট অনুমোদন প্রদান করা হয়। তৎপ্রেক্ষিতে বাস্তব অবস্থার নিরীক্ষণে কঠোর ব্যয় সংকোচন নীতি অনুসরণ করে বিভিন্ন খাতের ব্যয় অনুমোদিত অর্থের মধ্যে সীমিত রাখা হয়েছে এবং বিভিন্ন খাতে আয় বৃদ্ধি করে স্থানীয় আয় ৩৫% বৃদ্ধি করা সম্ভব হয়েছে যা সংশোধিত বাজেটে অর্ধভুক্ত করে প্রারম্ভিক জের ১,২১,১৪,০০০/- টাকাসহ সর্বমোট ৩৪,৮১,১৭,০০০/- (চৌত্রিশ কোটি একাশি লক্ষ সতের হাজার) টাকার সংশোধিত বাজেট প্রণয়ন করা হয়েছে।

সিদ্ধান্ত : ২০০৯-২০১০ আর্থিক সালের ৩৪,৮১,১৭,০০০/- (চৌত্রিশ কোটি একাশি লক্ষ সতের হাজার) টাকার সংশোধিত বাজেট অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

চলমান পাতা-৩

আলোচ্যসূচী-৫ : ২০১০-২০১১ আর্থিক সালের প্রস্তাবিত বাজেট অনুমোদন প্রসংগে।

আলোচনা : ২০১০-২০১১ আর্থিক সালের প্রস্তাবিত বাজেটে ১,৬৯,০৩,০০০/- (এক কোটি ঊনসত্তর লক্ষ তিন হাজার) টাকার প্রারম্ভিক জের ও ২,০৭,৮৮,০০০/- (দুই কোটি সাত লক্ষ আটাত্তিশ হাজার) টাকার সমাপনী জেরসহ সর্বমোট ৪০,৪৪,৬৫,০০০/- (চল্লিশ কোটি চুয়াল্লিশ লক্ষ পঁয়ষট্টি হাজার) টাকার প্রস্তাবিত বাজেট প্রণয়ন করা হয়েছে। যার মধ্যে বোর্ডের কর্মকর্তা/কর্মচারী, শিক্ষক/শিক্ষিকাদের বেতন ভাতা বাবদ ১৭,১৬,৭৬,০০০/- (সতের কোটি ষোল লক্ষ ছিয়াত্তর হাজার) টাকা, নৈমিত্তিক ব্যয় বাবদ ৫,৮৯,০৭,০০০/- (পাঁচ কোটি ঊননব্বই লক্ষ সাত হাজার) টাকা, সংস্কার/মেরামত বাবদ ১,৭২,৫০,০০০/- (এক কোটি বাহাত্তর লক্ষ পঞ্চাশ হাজার) টাকা, পেনশন/গৃহ নির্মাণ ঋণ, এফডিআরকরণ ও অন্যান্য ব্যয় বাবদ ৫,১৯,৪৪,০০০/- (পাঁচ কোটি উনিশ লক্ষ চুয়াল্লিশ হাজার) টাকা এবং মৌলিক নির্মাণ ব্যয় বাবদ ৮,৩৯,০০,০০০/- (আট কোটি ঊনচল্লিশ লক্ষ) টাকা অন্তর্ভুক্ত আছে। টাকা ক্যান্টনমেন্ট বোর্ডের বৃহত্তর স্বার্থে ২০১০-২০১১ আর্থিক সালের বাজেটে প্রসাশনিক ও আর্থিক ঘাটতি পূরণকল্পে সাধারণ অনুদান বাবদ ১৩,৪৮,১০,০০০/- (তের কোটি আটচল্লিশ লক্ষ দশ হাজার) টাকা বরাদ্দের প্রস্তাবসহ ৪০,৪৪,৬৫,০০০/- (চল্লিশ কোটি চুয়াল্লিশ লক্ষ পঁয়ষট্টি হাজার) টাকার প্রস্তাবিত বাজেট এবং ডিওএইচএসসমূহের অননুমোদিত নির্মাণ/ক্ষতিপূরণের অর্থ ও পুট উন্নয়ন চার্জ বাবদ প্রাপ্ত অর্থ হতে ২০১০-২০১১ আর্থিক সালের প্রস্তাবিত ৫৮,৮১,০০,০০০/- (আটান্ন কোটি একাশি লক্ষ) টাকার প্রকল্প ব্যয়ের বাজেট অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা যেতে পারে।

সিদ্ধান্ত : বিস্তারিত পর্যালোচনান্তে ২০১০-২০১১ আর্থিক সালের ৪০,৪৪,৬৫,০০০/- (চল্লিশ কোটি চুয়াল্লিশ লক্ষ পঁয়ষট্টি হাজার) টাকার প্রস্তাবিত বাজেট ও ডিওএইচএসসমূহের ৫৮,৮১,০০,০০০/- (আটান্ন কোটি একাশি লক্ষ) টাকার উন্নয়ন প্রকল্প অনুমোদন করা হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-৬ : এপ্রিল, ২০১০ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাসে পরিষ্কার-পরিচ্ছন্নতা সন্তোষজনক অবস্থায় আছে। মশার উপদ্রব নিয়ন্ত্রণের মধ্যে রয়েছে। আসন্ন বর্ষা মৌসুমে বৃষ্টির পানি অপসারণের জন্য ড্রেনসমূহ পরিষ্কার করা হয়েছে।

সিদ্ধান্ত : এপ্রিল, ২০১০ মাসের স্বাস্থ্য প্রতিবেদন অবলোকন করা হলো।

আলোচ্যসূচী-৭ : ঢাকা সেনানিবাসস্থ নিম্নবর্ণিত পুট/ফ্ল্যাট নামজারী প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্রমিক নং-১ হতে ৩ এ উল্লেখিত ক্যান্টনমেন্ট বাজার এলাকার নিম্নবর্ণিত বাড়ীসমূহে নির্মিত ফ্ল্যাটগুলো প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের নিরাপত্তা ছাড়পত্রের প্রেক্ষিতে এবং বোর্ডসভার অনুমোদনক্রমে সংশ্লিষ্ট ক্রেতাগণের অনুকূলে বিক্রয়/হস্তান্তরের অনুমতি প্রদান করা হয়েছে বিধায় রেজিস্ট্রিকৃত দলিলমূলে ক্রেতাগণের নামে সংশ্লিষ্ট ফ্ল্যাটগুলো নামজারী করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয় :-

| ক্রমিক নং | পুট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | আবেদনকারীর নাম, ঠিকানা ও তারিখ | ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ | বিক্রয়/হস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ | মন্তব্য |
|-----------|--|---|---|--|--|
| (১) | বাড়ী#১/বি, ফ্ল্যাট #৬-এ রোড#১, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস আনিসা রহমান স্বামী- ব্রিগেঃ জেনাঃ আব্দুর রহমান সিদ্দিকী ১০, উদ্দীপন, আজিজ পল্লী ঢাকা সেনানিবাস তাং- ১৬ মে, ২০১০ | নং- ১৩০০/১২০/ ৫৭/৫ তাং- ১৩ ডিসেম্বর, ২০০৯ | নং- ঢাক্যাবো/ ক্যাঃবাঃএঃপুট নং- ১/বি/ফ্ল্যাট নং-৬- এ/১৯ তাং- ২৬ জানুয়ারি, ২০১০ | অননুমোদিত নির্মাণ নেই। উক্ত ফ্ল্যাটের বাৎসরিক গৃহকর ৯,০০০/- টাকা জুন, ২০১০ পর্যন্ত পরিশোধ করা হয়েছে। |

চলমান পাতা-৪

| ক্রমিক নং | প্লট/ফ্ল্যাট নম্বর ও এলাকার নাম | আবেদনকারীর নাম, ঠিকানা ও তারিখ | ডিজিএফআই এর ছাড়পত্র নম্বর ও তারিখ | বিক্রয়/বস্তান্তর অনুমতি পত্রের নং ও তারিখ | মন্তব্য |
|--------------|--|---|--|---|--|
| (২) | বাড়ী#২৬/সি, ফ্ল্যাট #সি-৪ রোড#৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | মিসেস হাসনা হেনা চৌধুরী স্বামী- মরহুম মেকর হোসাইন সোহেল শাহলেওয়ারাজ বাড়ী#২৬/সি, ফ্ল্যাট #সি-৪ রোড#৪, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস তারিখ- ০৫ এপ্রিল, ২০১০ | নং-১৩০০/১২০/ ৫৭/৫ তারিখ- ১৭ জুন, ২০০৮ | নং- চাক্যাবো/ ক্যাংবায়এ৪/প্লট নং- ২৬/সি/ফ্ল্যাট নং-সি- ৪/২২ তারিখ- ২৪ নভেম্বর, ২০০৯ | অনুমোদিত নির্মাণ নেই। উক্ত ফ্ল্যাটের বাৎসরিক গৃহকর ১১,২৫০/- টাকা স্থান, ২০১০ পর্যন্ত পরিশোধ করা হয়েছে। |
| (৩) | বাড়ী#৬৬/এ, ফ্ল্যাট # এ-১ রোড#৭, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস। | জনাব মোঃ হাবিব উল্লাহ পিতা- মৃত মোঃ আব্দুল্লাহ বাড়ী#৬৬/এ, ফ্ল্যাট # এ-১ রোড#৭, ক্যান্টনমেন্ট বাজার এলাকা, ঢাকা সেনানিবাস তারিখ- ০৮ মার্চ, ২০১০ | নং-১৩০০/১২০/ ৫৭/৫/ক তারিখ- ০৪ মে, ২০০৯ | নং- চাক্যাবো/ ক্যাংবায়এ৪/প্লট নং- ৬৬/এ/ফ্ল্যাট নং-এ- ১/২৮ তারিখ- ০৭ জুন, ২০০৯ | অনুমোদিত নির্মাণ নেই। উক্ত ফ্ল্যাটের বাৎসরিক গৃহকর ১৮,৭৫০/- টাকা স্থান, ২০১০ পর্যন্ত পরিশোধ করা হয়েছে। |

সিদ্ধান্ত : উপরোল্লিখিত ফ্ল্যাটগুলো রেজিস্ট্রিকৃত দলিলমূলে ক্রেতাগণের নামে নামজারী করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-৮ : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭৪ নং প্লট সংলগ্ন দক্ষিণ পার্শ্বের কম/বেশী ১০৬০ বর্গফুট জমি বরাদ্দ প্রদানের
আবেদন প্রসঙ্গে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫৪৪৫ বর্গফুট বিশিষ্ট ৭৪ নং প্লটটি
১/২/১৯৬৩ তারিখে জনাব রশিদ খান, পিতা মৃত মোঃ দলিল উদ্দিন খান কে ৯৯ বছরের জন্য ইজারা প্রদান করা হয়
এবং ক্যান্টনমেন্ট বোর্ডের অনুমতিক্রমে উক্ত প্লটে ০১ তলা বাড়ী নির্মাণ করা হয়। পরবর্তীতে ৩০/০৩/১৯৮২ ইং
তারিখের ২৩৮৩ নং দলিলে মিসেস শামীমা এ খান, স্বামী-জনাব এম আতিক উল্লাহ খান ৬,০০,০০০/- (ছয় লক্ষ)
টাকায় উক্ত প্লট এবং প্লটে নির্মিত বাড়ীটি ক্রয় করে রেজিস্ট্রি দলিলের কপিসহ মিসেস শামীমা এ খান নামজারির জন্য
অত্র দপ্তরে আবেদন করেন। তৎপ্রেক্ষিতে অত্র দপ্তরের ২২/৫/১৯৮২ ইং তারিখে চাক্যাবো/সিবিডি/বাট্রীন-৭৪/
সিবিএ/১২৭ নং পত্রের মাধ্যমে নামজারী করা হয়। ৭৪ নং প্লট সংলগ্ন কম/বেশী ১০৬০ বর্গফুট জমি ১৩/৩/২০০৩
তারিখে ক্যান্টনমেন্ট বোর্ডের নিয়ন্ত্রণে আনা হয়। পরবর্তীতে উক্ত প্লটের বরাদ্দলাভকারী কর্তৃক এ বিষয়ে মহামান্য
হাইকোর্টে ৫০০২/২০০৩ নং রীট পিটিশন দায়ের করেন। উক্ত মামলাটি সিনিয়র এডভোকেট খন্দকার মাহবুব উদ্দিন
পরিচালনা করে আসছিলেন। বিগত ২৯ এপ্রিল, ২০০৯ তারিখে মহামান্য হাইকোর্ট কর্তৃক মোকদ্দমাটি ত্যাদী অস্তে
রুল অবসূলট করেন। যার প্রেক্ষিতে মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগে সিএমপি ৩৯১ দাখিল করা হয়।
খন্দকার মাহবুব উদ্দিন উক্ত মোকদ্দমাটি পরিচালনা করতে বিব্রত বোধ করে মামলার নথিপত্র অত্র দপ্তরে ফেরত প্রদান
করেছেন। উপরোক্ত নং মোকদ্দমাখানা গত ২৯/৬/২০০৯ তারিখে মাননীয় হাইকোর্ট উভয় পক্ষের শুনানী অস্তে রুল
অবসূলট করেন এবং দরখাস্তকারী বরাবরে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭৪ নং প্লট সংলগ্ন ১০৬০ বর্গফুট খালী ভূমি
রায় প্রাপ্তির ০৩ (তিন) মাসের মধ্যে লীজ দলিল সম্পাদন করিয়া দিতে আদেশ প্রদান করেন। উক্ত মামলার মাননীয়
হাইকোর্টের আদেশের বিরুদ্ধে ইতোমধ্যে মহামান্য সুপ্রীম কোর্টের আপীল বিভাগের সি এম পি ৩৯৯/২০০৯ দায়ের
করা হয়। মোকদ্দমাটি পরিচালনাকারী সিনিয়র আইনজীবী খন্দকার মাহবুব উদ্দিন ওয়াহমেদ মামলাটি পরিচালনায়
বিব্রতবোধ করায়, জনাব ফিদা কামাল, বার-এট-ল- এর সহিত যোগাযোগ করা হয়। কিন্তু তিনিও পরবর্তীতে উক্ত
মোকদ্দমা পরিচালনার বিষয়ে যোগাযোগ না করলে, জনাব আজহার ইমাম, বার-এট-ল এর সহিত যোগাযোগ করা
হলে তিনি মোকদ্দমাটি পরিচালনায় সম্মতি জ্ঞাপন করেন এবং তাঁর ফি ৩,০০,০০০/- টাকা লিখিতভাবে জানাইয়া
দেন। উক্ত টাকার মধ্যে ২,০০,০০০/- টাকা পরিশোধ করা হয়েছে অবশিষ্ট ১,০০,০০০/- টাকা পরিশোধের দায়িত্বটি
২৮/১/২০১০ তারিখের অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যসূচী ০৯ এর মাধ্যমে উপস্থাপন করা হলে বোর্ড কর্তৃক নিম্নোক্ত
সিদ্ধান্ত গৃহীত হয় :-

“ক্যান্টনমেন্ট বাজার এলাকার যে সকল প্লটের সংগে বরাদ্দের অতিরিক্ত জমি রয়েছে তা উদ্ধার করে স্বতন্ত্র প্লট করা
না গেলে বা অন্য কোন কাজে ব্যবহার করা না গেলে এবং সংশ্লিষ্ট বরাদ্দলাভকারীগণ যদি প্লট সংলগ্ন অতিরিক্ত জমি
বরাদ্দের জন্য আবেদন করেন তবে তা বর্তমান বাজার মূল্য পরিশোধ সাপেক্ষে তাদের অনুকূলে বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত
গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হক।”

এ প্রেক্ষিতে মিসেস শামীমা এ খান, স্বামী-জনাব এম আতিক উল্লাহ খান ২০/৪/২০১০ তারিখে আবেদনে উক্ত প্লট
সংলগ্ন দক্ষিণ পার্শ্বের কম/বেশী ১০৬০ বর্গফুট অতিরিক্ত জমি সরকারী বিধি মোতাবেক তাঁর নামে বন্দোবস্ত/বরাদ্দ
দেয়ার জন্য অনুরোধ করেছেন। উল্লেখ্য যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকায় বর্তমান প্রতি কাঠা জমির মূল্য মানুমানিক
১,০০,০০,০০০/- (এক কোটি) টাকা। এ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনাস্তে ক্যান্টনমেন্ট বাজার এলাকার যে সকল প্লটের সংগে বরাদ্দের অতিরিক্ত জমি রয়েছে তা উদ্ধার
করে স্বতন্ত্র প্লট করা না গেলে বা অন্য কোন কাজে ব্যবহার করা না গেলে এবং সংশ্লিষ্ট বরাদ্দলাভকারীগণ যদি প্লট
সংলগ্ন অতিরিক্ত জমি বরাদ্দের জন্য আবেদন করেন তবে তা বর্তমান বাজার মূল্য পরিশোধ সাপেক্ষে তাদের অনুকূলে
বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো। এ প্রেক্ষিতে ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৭৪ নং প্লট সংলগ্ন ১০৬০ জমির সাথে
সাথে অন্যান্য আবেদনকারীদের ক্ষেত্রে জমি বরাদ্দের ক্ষেত্রে কি নীতিমালা অনুসৃত হবে সে বিষয়ে একটি নীতিমালা
প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হলো।

চলমান পাতা-৫

আলোচ্যসূচী-৯ : মিরপুর ডিওএইচএস এলাকায় সিএনজি স্টেশন স্থাপনের জন্য জমি বরাদ্দের আবেদন প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা সেনানিবাসের মিরপুর ডিওএইচএস এলাকায় সিএনজি ফিলিং স্টেশন স্থাপনের জন্য জমি বরাদ্দ চেয়ে মেজর কাজী গোলাম হায়দার (অবঃ) ২১/৪/২০১০ তারিখে অত্র দপ্তরকে অবহিত করে স্টেশন সদর দপ্তর, ঢাকা সেনানিবাসে আবেদন করেছেন।

সিদ্ধান্ত : মিরপুর ডিওএইচএস এলাকায় সিএনজি ফিলিং স্টেশন বরাদ্দের বিষয়টি যেহেতু ক্যান্টনমেন্ট বোর্ডের এজিয়ারাধীন নয় সেহেতু প্রস্তাবটি সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১০ : মেসার্স শাহ ক্যাবল নেটওয়ার্ক এর ট্রেড লাইসেন্স নবায়ন প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, শাহ ক্যাবল নেটওয়ার্ক, প্রোগ-জনাব শাহজাহান তপন, বারিধারা ডিওএইচএস এলাকায় ডিস ক্যাবল টিভি ব্যবসার ট্রেড লাইসেন্স চেয়ে ০৫/৬/১৯৯৭ ইং তারিখে অত্র আবেদন করে। এপ্রেক্ষিতে অত্র দপ্তরের ২০/৮/১৯৯৭ তারিখের ঢাক্যাবো/জেনাঃ/১/৯১ নং পত্রের মাধ্যমে প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তরের ছাড়পত্রের জন্য প্রেরণ করা হয়। প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর ৪/১২/১৯৯৭ ইং তারিখে ১৩০০/৭০/৩৫/৫৮/৬৬ নং পত্রের মাধ্যমে উক্ত প্রতিষ্ঠানকে নিরাপত্তা ছাড়পত্র প্রদান করে এবং ০৭/১১/২০০২ তারিখে বারিধারা ডিওএইচএস পরিষদ ছাড়পত্র প্রদান করে। সেনানিবাস এলাকায় ডিস ক্যাবল এবং ইন্টারনেট ব্যবসা পরিচালনা করার জন্য ২০০২ সালে বোর্ড কর্তৃক একটি নীতিমালা অনুমোদিত হয়। সেপ্রেক্ষিতে অত্র দপ্তরের ১৪-১১-২০০২ ইং তারিখের ঢাক্যাবো/ট্রেডলাইঃ/জেনাঃ/২/২৩ নং পত্রের মাধ্যমে উক্ত প্রতিষ্ঠানকে অনুমোদিত নীতিমালার আলোকে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য বলা হয়। তৎপ্রেক্ষিতে ২৩/৯/২০০৩ তারিখে অত্র দপ্তরে ৫,০০০/- টাকা মূল্যের একটি সঞ্চয় পত্র জমা করেন। কিন্তু নীতিমালা অনুযায়ী কোন চুক্তিপত্র সম্পাদন করা হয়নি। উক্ত প্রতিষ্ঠান ২০০২ সাল হতে অত্র দপ্তরের ডিস ক্যাবলের মাসিক সংযোগ ফি পরিশোধ করেননি এবং ট্রেড লাইসেন্সও নবায়ন করা হয়নি। জনাব শাহজাহান তপন অত্র দপ্তরের সকল শর্তাবলী পালন সাপেক্ষে ১৫/৪/২০১০ তারিখে ট্রেড লাইসেন্স নবায়নের জন্য আবেদন করেছেন। এ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত : ২০০২ সাল থেকে ক্যান্টনমেন্ট বোর্ডের যাবতীয় বকেয়া পরিশোধ সাপেক্ষে ট্রেড লাইসেন্স নবায়নের সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১১ : রজনীগন্ধা সুপার মার্কেট বাজার কমিটি নির্বাচন প্রসংগে।

আলোচনা : রজনীগন্ধা সুপার মার্কেটের সহযোগী কমিটির মেয়াদ ২০/৬/০৯ তারিখে উত্তীর্ণ হয়ে যাওয়ায় উক্ত কমিটির মেয়াদ ৩১/৮/২০০৯ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হয়। পরবর্তীতে কমিটির মেয়াদ উত্তীর্ণ হওয়ায় মার্কেটের উন্নয়নমূলক কর্মকান্ড তদারকির ব্যাপারে পুনঃ নির্বাচিত কমিটি না হওয়া পর্যন্ত গত ১৭/১১/২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যসূচী ৩৫ এর গৃহীত সিদ্ধান্তক্রমে ০৩ মাসের জন্য এডহক কমিটি গঠন করা হয়। যার মেয়াদও শেষ হয়ে গেছে। এ বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

সিদ্ধান্ত : বর্তমান এডহক কমিটির মেয়াদ আরো ০৩(তিন) মাস বৃদ্ধি করার সিদ্ধান্ত গৃহীত হলো। এ ০৩(তিন) মাসের মধ্যে হালনাগাদ ভোটার তালিকা প্রস্তুত করে নির্বাচন সম্পন্ন করার জন্য ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসারকে অনুরোধ জানানো হলো।

চলমান পাতা-৬

আলোচ্যসূচী-১২ : ক্যান্টনমেন্ট বাজার এলাকাকে ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা হিসেবে ঘোষণা, নিরাপত্তা প্রহরী চাঁদার হার নির্ধারণসহ চাঁদা আদায়ের জন্য লোক নিয়োগ, পৃথক রশিদ বই ছাপানো ও ব্যাংক এ্যাকাউন্ট খোলা প্রসঙ্গে।

আলোচনা : ক্যান্টনমেন্ট বাজার এলাকার বিভিন্ন বাসা বাড়ীতে চুরি ও নানা রকম অপরাধমূলক কর্মকাণ্ড রোধকল্পে নিরাপত্তা প্রহরী নিয়োগ সংক্রান্ত বিষয়ে ২৬ এপ্রিল, ২০১০ তারিখে ক্যান্টনমেন্ট বাজার এলাকার বাসিন্দাদের নিয়ে অত্র দপ্তরে একটি সমন্বয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় এলাকাবাসী ক্যান্টনমেন্ট বাজার এলাকাকে ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা হিসেবে ঘোষণার দাবী করেন। বর্তমানে ক্যান্টনমেন্ট বাজার এলাকা হিসেবে পরিচিত স্থানে কোন বাজার/মার্কেট নেই। উক্ত এলাকা সম্পূর্ণভাবে একটি আবাসিক এলাকায় রূপান্তরিত হয়েছে। যার ফলে ক্যান্টনমেন্ট বাজার এলাকা বললে প্রায়শঃই লোকজন রজনীগন্ধা সুপার মার্কেট এলাকাকে বুঝে থাকেন। এ জটিলতা নিরসনকল্পে গেজেট সংশোধনপূর্বক ক্যান্টনমেন্ট বাজার এলাকাকে ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা হিসেবে নামকরণ করা যেতে পারে মর্মে সভায় মত প্রবণতা কন্ঠা হয়। ক্যান্টনমেন্ট বাজার এলাকায় নিয়োজিত নিরাপত্তা প্রহরীদের বেতন বাবদ ফ্ল্যাট প্রতি মাসিক ২০০/- (দুই শত) টাকা হারে চাঁদা আদায়ের নিমিত্তে ০২ জন লোক নিয়োগ করা এবং উক্ত চাঁদা আদায়ের জন্য পৃথক রশিদ বই ছাপানো ও আদায়কৃত টাকা জমা রাখার জন্য ব্যাংক একাউন্ট খোলা প্রয়োজন। এ বিষয়ে আলোচনায় জানা যায় যে, ট্রাষ্ট সিকিউরিটিজ এন্ড লজিস্টিকস্ কোম্পানী কর্তৃক ক্যান্টনমেন্ট বাজার এলাকার নিরাপত্তার জন্য ৩২ জন সিকিউরিটি গার্ড নিয়োগ করা হয়েছে এবং তাঁদের বেতন-ভাতা বাবদ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার বিল দাখিল করা হয়েছে। ক্যান্টনমেন্ট বাজার এলাকায় কম/বেশী ৮০০টি ফ্ল্যাট/হোল্ডিং রয়েছে। প্রতিটি হোল্ডিং থেকে ২০০/- টাকা করে আদায় করা হলে ১,৬০,০০০/- টাকা আদায় হবে। অবশিষ্ট ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকার সংস্থান করা প্রয়োজন মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনাতে ক্যান্টনমেন্ট বাজার এলাকাকে ক্যান্টনমেন্ট আবাসিক এলাকা হিসেবে ঘোষণার নিমিত্তে গেজেট সংশোধন করার সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক। ক্যান্টনমেন্ট বাজার এলাকার নিরাপত্তার দায়িত্বে নিয়োজিত নিরাপত্তা প্রহরীদের চাঁদা আদায়ের জন্য ২(দুই) জন লোক নিয়োগ, রশিদ বই ছাপানো এবং পৃথক ব্যাংক হিসাব খোলার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৩ : রজনীগন্ধা সুপার মার্কেটে দোকান বরাদ্দের নীতিমালার ৮ নং অনুচ্ছেদ সংশোধন প্রসঙ্গে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, রজনীগন্ধা সুপার মার্কেটের দোকান বরাদ্দ নীতিমালা ১২/১০/২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যসূচী-১১ এর মাধ্যমে অনুমোদন করা হয়। অনুমোদিত দোকান বরাদ্দের নীতিমালায় অনুচ্ছেদ-৮ উল্লেখিত শর্তাবলী নিম্নরূপ :-

“কিস্তির অর্থ বোর্ড কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই পরিশোধ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে সকল অথবা যে কোন কিস্তির অর্থ পরিশোধে ব্যর্থ হলে আবেদনের সাথে জমাকৃত অর্থ বাজেয়াপ্ত হবে এবং দোকান/স্পেস/ফ্লোর বরাদ্দ করা হবে না।”

কিন্তু সর্বোচ্চ দরদাতা দোকান গ্রহণে অসম্মতি জ্ঞাপন করলে সেক্ষেত্রে কি হবে তা উক্ত নীতিমালায় উল্লেখ ছিল না। বিস্তারিত পর্যালোচনাতে দোকান বরাদ্দের আবেদনকারী কোন দোকানের জন্য সর্বোচ্চ দরদাতা বিবেচিত হলে উক্ত সর্বোচ্চ দরদাতা দোকান গ্রহণে যদি অসম্মতি জ্ঞাপন করেন তাহলে তাঁর জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করা হবে মর্মে অনুচ্ছেদ-৮ সংশোধন করা যেতে পারে।

সিদ্ধান্ত : রজনীগন্ধা সুপার মার্কেটে দোকান বরাদ্দের নীতিমালার অনুচ্ছেদ-৮ নিম্নবর্ণিতভাবে সংশোধন করা হলো :-

অনুচ্ছেদ-৮ : সর্বোচ্চ ডাককারী দোকান গ্রহণে অসম্মতি জ্ঞাপন করলে জামানত হিসেবে জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করা হবে। কিস্তির অর্থ বোর্ড কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে অবশ্যই পরিশোধ করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে সকল অথবা যে কোন কিস্তির অর্থ পরিশোধে ব্যর্থ হলে আবেদনের সাথে জমাকৃত অর্থ বাজেয়াপ্ত হবে এবং দোকান/স্পেস/ফ্লোর বরাদ্দ করা হবে না।

আলোচ্যসূচী-১৪ : ঢাকা সেনানিবাস সংলগ্ন ১০০.২৬ একর সামরিক এবং মূল সেনানিবাসের মধ্যখানে বিদ্যমান বেসামরিক বাড়ীঘর এবং ঘোষণাকৃত সেনানিবাস এলাকায় অন্তর্ভুক্তিকরণ প্রসংগে।

মালোচনা : বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১১ নং রোড সংলগ্ন ধামালকোট এলাকার ৩৭/এ এবং ৩৭/বি নং হোল্ডিং এর সকল বাসিন্দাগণের পক্ষে লেঃ কর্নেল এম নুরুল হক, পিএসসি (অবঃ) ২৭ মার্চ, ২০১০ তারিখের আবেদনের মাধ্যমে ধামালকোট এলাকার ৩৭/এ ও ৩৭/বি নং হোল্ডিং দু'টি ক্যান্টনমেন্ট চ্যাপ্টার্ড এরিয়া হিসেবে পুনরায় অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ জানান। বিষয়টি অত্র দপ্তরের ১৩ এপ্রিল, ২০১০ তারিখের ঢাকাবো/ক্যাঃবাঃএ/এলএ/৫/৯/১৭৩ নং পত্রের মাধ্যমে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ২০ মে, ২০১০ তারিখের ৭/এমএলএডসি/ঢাকা/৮৯-২/শা-৩/১৭৩ নং পত্রের মাধ্যমে ধামালকোট এলাকার আলোচ্য হোল্ডিং দু'টি ছাড়াও ১০০.২৬ একর সামরিক জমি এবং মূল সেনানিবাসের মধ্যখানে বিদ্যমান বেসামরিক বাড়ীঘর চ্যাপ্টার্ড এরিয়ায় অন্তর্ভুক্ত করার প্রয়োজন রয়েছে কিনা, এ বিষয়ে যাচাই-বাছাই করে বোর্ডের মতামত চাওয়া হয়েছে। এ প্রসংগে উল্লেখ্য যে, প্রতিরক্ষা মন্ত্রণালয়ের ০৯ মে, ১৯৮৫ তারিখের এসআরও-২১০-এল/৮৫/১প্রো-৩৫/৮৪/ডি-৯ নং গেজেটের মাধ্যমে অন্যান্য এলাকার সাথে ধামালকোট এলাকাকেও ঢাকা সেনানিবাসের চ্যাপ্টার্ড এরিয়া হতে বাদ দেয়া হয়। বিষয়টির উপর বিস্তারিত আলোচনায় জানা যায় যে, ধামালকোট এলাকার সিবি-৩৭/এ ও সিবি-৩৭/বি নং হোল্ডিং দু'টি সেনানিবাস সংলগ্ন সিটি কর্পোরেশন এলাকায় পড়লেও তারা সেনানিবাসের পানি, রাস্তা ইত্যাদি নাগরিক সুবিধাদি ভোগ করছেন। কিন্তু ক্যান্টনমেন্ট বোর্ডে কোন ট্যাক্স পরিশোধ করছেন না। বিধায় তাঁদেরকে সেনানিবাসের চ্যাপ্টার্ড এলাকা হিসেবে ঘোষণা করা যেতে পারে।

সিদ্ধান্ত : বিস্তারিত আলোচনান্তে ধামালকোট এলাকার সিবি-৩৭/এ, সিবি-৩৭/বি নং হোল্ডিং দু'টি ছাড়াও ১০০.২৬ একর সামরিক জমি এবং মূল সেনানিবাসের মধ্যখানে বিদ্যমান বেসামরিক হোল্ডিংগুলো যেহেতু সেনানিবাসের সকল সুযোগ-সুবিধা ভোগ করে থাকে সেহেতু তাদেরকে চ্যাপ্টার্ড এরিয়ায় অন্তর্ভুক্ত করার সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১৫ : সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির ৪৯তম সভার কার্যবিবরণী অবহিত হওয়া এবং ক্যান্টনমেন্ট বোর্ডের অংশে কার্যক্রম গ্রহণ।

আলোচনা : গত ১২ এপ্রিল, ২০১০ তারিখে অনুষ্ঠিত সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির ৪৯তম সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। বিস্তারিত আলোচ্যসূচী-৪, ৬, ৭, ১৩, ১৪ ও ১৭ এ বর্ণিত বিষয়সমূহের মধ্যে আলোচ্যসূচী-১৩ ও ১৭ এর কার্যক্রম গ্রহণ করা হয়েছে এবং অবশিষ্ট আলোচ্যসূচীর গৃহীত সিদ্ধান্তের উপর জরুরী ভিত্তিতে কার্যক্রম গ্রহণ করা হবে মর্মে সভাকে অবহিত করা হয়।

সিদ্ধান্ত : (ক) সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির ৪৯তম সভার আলোচ্যসূচী-৬ এর সিদ্ধান্ত মোতাবেক ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৪০/এ নং প্লটে বেসমেন্টসহ ০৬(ছয়) তলা আবাসিক ভবনের নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো।

(খ) সামরিক অফিসার আবাসিক প্রকল্প কমিটির ৪৯তম সভার কার্যবিবরণী অবলোক করা হলো এবং উক্ত সভার সিদ্ধান্তের আলোকে ক্যান্টনমেন্ট বোর্ডের প্রযোজ্য ক্ষেত্রে সকল কার্যক্রম জরুরী ভিত্তিতে সম্পাদন করার সিদ্ধান্ত গৃহীত হলো।

আলোচ্যসূচী-১৬ : ক্যান্টনমেন্ট ও ডিওএইচএস এলাকায় বেসমেন্টসহ ০৭(সাত) তলা বাড়ী এবং প্রধান ফটকে গার্ড রুমের সাথে টয়লেট নির্মাণের বাইল'জ সংশোধনের খসড়া অনুমোদন প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের আওতাধীন এলাকায় সেনানিবাস (ইমারত নির্মাণ) উপ-আইন, ১৯৯৪ এবং সংশোধিত ১৯৯৯ মোতাবেক রাস্তার লেভেল হতে সর্বোচ্চ ৬০'-০" পর্যন্ত উচ্চ ভবন নির্মাণের নকশা অনুমোদন করা হয়ে থাকে। বিষয়টি সামরিক আবাসিক অফিসার কমিটির ৪৯ তম সভায় উত্থাপিত হলে একটি বেসমেন্ট ও ০৭ তলা ভবনের নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। সে সাথে প্লটের সম্মুখে গার্ডরুম ও টয়লেট নির্মাণেরও সিদ্ধান্ত গৃহীত হয়।

চলমান পাতা-৮

উক্ত কাজের জন্য সেনানিবাস (ইমারত নির্মাণ) উপ-আইন, ১৯৯৪ এবং সংশোধিত ১৯৯৯ সংশোধন করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়। এছাড়াও বিদ্যমান বাই'ল সংশোধন করে প্রুটের সম্মুখে অনধিক ৬০ বর্গফুট আয়তনের একটি গার্ডরুম ও টয়লেট নির্মাণের বিষয়টিও অনুমোদন করা যেতে পারে। তবে বিদ্যমান ০৬ তলা ভবনের উপর ৭ম তলা নির্মাণের নকশা অনুমোদনের ক্ষেত্রে BUET (Bangladesh University of Engineering & Technology) হতে কারিগরী মতামত গ্রহণ করতে হবে। উক্ত কাজের যাবতীয় ব্যয় বাড়ীর মালিক বহন করবেন।

সিদ্ধান্ত ৪

ঢাকা সেনানিবাস (ইমারত নির্মাণ) উপ-আইন ১৯৯৪ সংশোধিত ১৯৯৯ নিম্নলিখিত ভাবে সংশোধন করার সিদ্ধান্ত গৃহীত হলো ৪:-

- ১। নতুন ইমারত নির্মাণের ক্ষেত্রে - সাত তলার অধিক ইমারত নির্মাণ করা যাবে না এবং সাত তলার ছাদ পর্যন্ত ভবনের উচ্চতা রাস্তার লেভেল হতে ৭০ ফুটের অধিক হবে না। সাত তলার ছাদে কেবল মাত্র দলাধার ও সিঁড়ি ঘর সর্বোচ্চ ৭ (সাত) ফুট উচ্চতা পর্যন্ত নির্মাণ করা যাবে এবং ভবনের জন্য লিফটের ব্যবহারের ক্ষেত্রে ৭ তলার ছাদের উপর কেবল মাত্র একটি মেশিন রুম নির্মাণ করা যাবে যার উচ্চতা ১৩ (তের) ফুট পর্যন্ত হবে এবং সাত তলা ভবনের অতিরিক্ত একটি বেসমেন্ট তৈরী করা যাবে।
- ২। **ইমারতের উচ্চতা ৪:-**
 - (ক) বিমান বন্দর, মাইক্রোয়েভ স্টেশন, টেলিযোগাযোগ স্টেশন, গুরুত্বপূর্ণ স্থাপনা অথবা অন্যান্য বিশেষ কাঠামোর নিকটবর্তী এলাকার ক্ষেত্রে ইমারতের উচ্চতা স্ব-স্ব কর্তৃপক্ষের দ্বারা নির্ধারিত বিধিতে সীমাবদ্ধ থাকবে।
 - (খ) নদীর ধার, বৃহৎ জলাধার, বাগান, ঐতিহাসিক এবং বিশেষ গুরুত্বপূর্ণ এলাকা অবস্থার পরিশ্রেক্ষিতে ইমারতের উচ্চতার উপর কর্তৃপক্ষ বিধি নিষেধ আরোপ করতে পারবে।
- ৩। ০১ সেপ্টেম্বর, ১৯৯৯ তারিখে ঘোষিত গেজেট মোতাবেক ঢাকা সেনানিবাস (ইমারত নির্মাণ) উপ-আইন, ১৯৯৪ নিম্নোক্তভাবে সংশোধন করা হয় এবং উহা বলবৎ থাকবে (ইমারতের সম্মুখে, পশ্চাতে এবং দুই পার্শ্বে সীমানা হইতে যে পরিমাণ স্থান উন্মুক্ত রাখতে হইবে তাহা নিম্নের তালিকা মোতাবেক নির্ধারিত হবে) ৪:-

| ক্রমিক নং | সাইটের আয়তন | ইমারতের সম্মুখের সীমানা হতে | ইমারতের পশ্চাৎ দিকের সীমানা হতে | ইমারতে দুই পার্শ্বে সীমানা হতে |
|-----------|--|-----------------------------|---------------------------------|--------------------------------|
| ১। | দুই কাঠা পর্যন্ত | ১.৫০ মিটার | ১.৫০ মিটার | ০.৯১ মিটার |
| ২। | তিন কাঠা পর্যন্ত | ১.৫০ মিটার | ১.৫০ মিটার | ১.২৫ মিটার |
| ৩। | চার কাঠা পর্যন্ত | ১.৫০ মিটার | ১.৭৫ মিটার | ১.২৫ মিটার |
| ৪। | পাঁচ কাঠা পর্যন্ত ও পাঁচ কাঠার অধিক | ১.৫০ মিটার | ২.০০ মিটার | ১.২৫ মিটার |

- ৪। পুরাতন ০৬ তলা-কে ০৭ তলায় বর্ধিতকরণের জন্য ক্যান্টনমেন্ট বোর্ড হতে সংশোধিত নকশা অনুমোদন করে নিতে হবে।
- ৫। প্রুটের সামনে সর্বোচ্চ ৬০ বর্গফুট আয়তনের একটি গার্ডরুম ও গার্ডরুমের সাথে সংযুক্ত একটি টয়লেট নির্মাণ করা যাবে যার উচ্চতা সর্বোচ্চ ৮ - ০' পর্যন্ত হবে।
- ৬। ২৭ জুলাই, ২০০৬ তারিখে প্রকাশিত প্রজ্ঞাপন নং-এস আর ও-৭৪/আইন/২০০৬ এর আলোকে বেসমেন্ট তৈরীর অন্যান্য শর্তাবলী বলবৎ থাকবে। তবে উক্ত প্রজ্ঞাপনের অনুচ্ছেদ -'৮-গ' এর (১) এ বর্ণিত মিরপুর ডিওএইচএস এর স্থলে ক্যান্টনমেন্ট ও ডিওএইচএস এলাকা সন্নিবেশিত হবে। অনুচ্ছেদ-(২) অপরিবর্তিত থাকিবে।
- ৭। বেসমেন্ট তৈরীর করার সময় আশে পাশের বিল্ডিং যাতে ক্ষতিগ্রস্ত না হয় তার জন্য সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ করতে হবে। সতর্কতামূলক ব্যবস্থা গ্রহণ না করার ফলে পৃথিবী কোন বরাদ্দ লাভকারী ক্ষতিগ্রস্ত হলে দোষী ব্যক্তির নিকট হতে ক্ষতিগ্রস্ত ব্যক্তি কী পরিমাণ ক্ষতিপূরণ পাবেন তা বাংলাদেশ সেনাবাহিনীর কোয়ার্টার মাস্টার জেনারেল এর পরামর্শক্রমে নির্ধারিত হইবে।

চূড়ান্ত গেজেট প্রকাশনার জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

আলোচ্যসূচী-১৭ ৪ ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের ইসিজি মেশিন ক্রয়ের সর্বনিম্ন দর অনুমোদন প্রসংগে।

আলোচনা ৪

প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের জন্য ইসিজি মেশিন ক্রয়ের নিমিত্ত ০৩ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটির সিদ্ধান্ত অনুযায়ী ২৫ মে, ২০১০ তারিখে দরপত্র আহবান করা হয় এবং PIMCO Instrument কর্তৃক ১,১০,০০০/- (এক লক্ষ দশ হাজার) টাকার সর্বনিম্ন দর দাখিল করা হয়। TEC (Tender Evaluation Committee) কর্তৃক উক্ত দর সন্তোষজনক মর্মে সুপারিশ করা হয়েছে।

চলমান পাতা-৯

সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট জেনারেল হাসপাতালের জন্য একটি ইসিজি মেশিন ক্রয়ের নিমিত্তে ১,১০,০০০/- (এক লক্ষ দশ হাজার) টাকার সর্বনিম্ন দর অনুমোদন করা হলো। হাসপাতালের নিজস্ব তহবিল হতে ব্যয় সংকুলান সাপেক্ষে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

আলোচ্যসূচী-১৮ : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১১ নং রোডের ৮২ ও ৮৩ নং প্লটের অবৈধ দখল মুক্ত করার লক্ষ্যে দেয়াল নির্মাণ কাজের জন্য ৮০,১৮১/- (আশি হাজার একশত একাশি) টাকার মূল্যানুমান অনুমোদন প্রার্থণা।

আলোচনা : বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১১নং রোডের ৮২ নং প্লটের অবৈধ দখলমুক্ত করার লক্ষ্যে জরুরী ভিত্তিতে দেয়াল নির্মাণের নিমিত্তে ৮০,১৮১.৯৫ (আশি হাজার একশত একাশি টাকা পচানকবই পরস) মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে। এর যাবতীয় ব্যয় বোর্ড ফান্ড হতে সংকুলান করা যেতে পারে।

সিদ্ধান্ত : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১১নং রোডের ৮২ নং প্লটের অবৈধ দখলমুক্ত করার লক্ষ্যে দেয়াল নির্মাণের নিমিত্তে ৮০,১৮১.৯৫ (আশি হাজার একশত একাশি টাকা পচানকবই পরস) মূল্যানুমান অনুমোদন করা হলো। জরুরী ভিত্তিতে দরপত্র আহ্বান করে পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

আলোচ্যসূচী-১৯ : ঢাকা সেনানিবাসস্থ ডিওএইচএস বনানী, মহাখালী, বারিধারা, মিরপুর ও সেনানিবাস বর্ধিত এলাকায় বাড়ী নির্মাণের নিমিত্তে নিম্নোক্ত নকশাসমূহ অনুমোদনের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত :-

| ক্রমিক নং | মালিকের নাম | প্লট নম্বর | এলাকার নাম | মন্তব্য |
|-----------|--|---|----------------------------|---|
| (১) | মিসেস হোসনে আরা চৌধুরী স্বামী- গ্রুপ ক্যাপ্টেন (অবঃ) গোলাম মাহমুদ চৌধুরী | ৬৪/এ | বনানী ডিওএইচএস | সংশোধিত ০৬(ছয়) ও লা (পুরাতন চার তলা ভবন ভেঙ্গে নতুন ছয় তলা ভবন) |
| (২) | জনাব সদরুজ্জামান গং | ৩১ | বনানী ডিওএইচএস | সংশোধিত ০৬(ছয়) ও লা (পুরাতন দুই তলা ভবন ভেঙ্গে নতুন ছয় তলা ভবন) |
| (৩) | বিএসএস-৭৩৬ লেঃ কর্ণেল মোঃ আব্দুর রব | ৩০৩ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত ০৬(ছয়) তলা অ বাসিক ভবন (৫ম তলার উপ ৬ষ্ঠ তলা নির্মাণ) |
| (৪) | জনাব মোঃ বেলাল হোসেন | ২৩৬ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত ০৬(ছয়) তলা অ বাসিক ভবন (পুরাতন ১তলা ভবন ভেঙ্গে ৬তলা নতুন ভবন নির্মাণ) |
| (৫) | জনাব মোঃ মোতালেব হোসেন | ২৩০ | বারিধারা ডিওএইচএস | সংশোধিত ০৬(ছয়) তলা অ বাসিক ভবন (পুরাতন ১তলা ভবন ভেঙ্গে ৬তলা নতুন ভবন নির্মাণ) |
| (৬) | বিএ-১৮২৭ ব্রিগেড জেনাঃ মোঃ মোমিনুল হক | ৪৮০ | মিরপুর ডিওএইচএস | ০৬ তলা নতুন ভবন |
| (৭) | পি নং-২৪০ ক্যাপ্টেন মোঃ আবুল হাসনাত | ৭৮৩ | মিরপুর ডিওএইচএস | ০৬ তলা নতুন ভবন |
| (৮) | বিএসএস-১৮২৮ মেজর (অবঃ) মিজাঃ মোঃ আশরাফুল হক | ৭৮৭ | মিরপুর ডিওএইচএস | সংশোধিত ০৬ তলা ভবন (আভ্যন্তরীণ পরিবর্তন) |
| (৯) | বিএ-২২৮৯ ব্রিগেড জেনাঃ নূর মোহাম্মদ | ১০১০ | মিরপুর ডিওএইচএস | ০৬ তলা নতুন ভবন (৩য় ধাপ) |
| (১০) | বিএ-২০৭৫ লেঃ কর্ণেল আ ক ম বায়েজিদ | ৬৯৮ | মিরপুর ডিওএইচএস | ০৬ তলা নতুন ভবন |
| (১১) | জনাব আব্দুল খালেক হাওলাদার জনাব সি এ এম মোজাম্মেল আহমেদ | ৪৯২ ৪৯৪ | মিরপুর ডিওএইচএস | ০২(দুই)টি প্লটে যৌথভাবে ০৬ তলা আবাসিক ভবন |
| (১২) | বিএসএস-১৮৩৩ লেঃ কর্ণেল (অবঃ) মোঃ আবু তাহের খান বিএ-১১০১০০ লেঃ কর্ণেল মোঃ মোখলেছুর রহমান খান | ৭০৪ ৭০৬ | মিরপুর ডিওএইচএস | ০২(দুই)টি প্লটে যৌথভাবে ০৬ তলা আবাসিক ভবন |
| (১৩) | বিএসএস-১৮৫০ মেজর গোলাম জিলানী (অবঃ) | ৬১৫ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন |
| (১৪) | বিএসএস-১০০২৪৬ ব্রিগেড জেনাঃ আব্দুর রহমান সিদ্দিকী | ৭৩৩ | মিরপুর ডিওএইচএস | ০৬(ছয়) তলা নতুন ভবন |
| (১৫) | মিসেস কানিজ ফাতেমা গং | ৫৬ | ক্যান্টনমেন্ট বাজার এলাকা | সংশোধিত ০৬তলা আর্কাডিক ভবন (পুরাতন ২ তলা ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণ) |
| (১৬) | ডাঃ হাসিব মোহাম্মদ আহসান | ২৩/এ | ক্যান্টনমেন্ট বাজার এলাকা | সংশোধিত ০৬তলা আর্কাডিক ভবন (পুরাতন ৩ তলা ভবন ভেঙ্গে নতুন ভবন নির্মাণ) |
| (১৭) | জনাব জসিম উদ্দিন আহমেদ | সিএস-১০৪ (অংশ) মৌজা- লাঙ্গারাই | কচুক্ষেত পুরান বাজার এলাকা | ০৬(ছয়) তলা নতুন বাণিজ্যিক ভবন |

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, উল্লেখিত ১৭ (সতের) টি নকশা সেনানিবাস (ইয়ারড) নির্মাণ উপ-আইন মোতাবেক কারিগরীভাবে সঠিক আছে।

সিদ্ধান্ত : ক্রমিক নং-১ থেকে ১৭ এ উল্লেখিত মোট ১৭ (সতের) টি নকশা অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, ক্রমিক নং-১ থেকে ৫ এবং ১৫ থেকে ১৭ পর্যন্ত মোট ০৮ (আট) টি নকশা অনুমোদনের ক্ষেত্রে নির্ধারিত হারে রাস্তার ক্ষতিপূরণ আদায় করতে হবে।

চলমান পাতা-১০

| ক্রমিক নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিভিউল অব রেইটস, ২০০৭ মোতাবেক | Responsive Tenderer | উদ্ধৃত দর | মন্তব্য |
|--------------|---|--|--|------------------|--|
| (২৫) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার ২/এ (সংযোগ) নং রোডের মেরামত ও কার্পেটিং কাজ। | ১,২২,৯১০/- টাকা | মেসার্স শফিক এন্ড সঙ্গ | ১,২৯,০১৮/৬৩ টাকা | সংশ্লিষ্ট এলাকার রাস্তার ক্ষতিপূরণ ও অনুমোদিত নির্মাণের জন্য জমাকৃত অর্থ হতে |
| (২৬) | বনানী-মহাখালী সংযোগ সড়কের দক্ষিণ মাথার পশ্চিম পার্শ্বে ৪২০'-০" কাটা তারের বেড়া অপসারণ ও পুনঃস্থাপন কাজ। | ৫৫,২৩৮/- " | মেসার্স এস এস এন্টারপ্রাইজ | ৫৭,৯৪৪/৬৬ টাকা | রাস্তা ঘাট মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত |
| (২৭) | বনানী ডিওএইচএস এলাকার খেলার মাঠের পশ্চিম পার্শ্বে প্রাথমিক বিদ্যালয়ের জন্য একটি ওয়াটার রিজার্ভার নির্মাণ কাজ। | ৮৯,৬৫৯/- " | মেসার্স নয়ন এন্টারপ্রাইজ | ৯৪,০৩৪/৪৪ টাকা | অনুমোদিত নির্মাণের জন্য ক্ষতিপূরণ ব্যবদ জমাকৃত অর্থ হতে |
| (২৮) | ক্যান্টনমেন্ট বাজার এলাকার পরিত্যক্ত সম্পত্তির বিভিন্ন বাসার মেরামত ও রংকরণ কাজ। | ৮৯,২৪২/- " | মেসার্স প্রোগ্রেসিভ ইঞ্জিনিয়ারিং এন্ড কোং | ৯২,৮১১/৬৮ টাকা | পরিত্যক্ত সম্পত্তি খাত |
| (২৯) | ক্যান্টনমেন্ট বোর্ড জামে মসজিদের জন্য আইপিএস এবং এমপিফায়ারের খাঁচা ও মহিলাদের জন্য টয়লেট অঙ্কন নির্মাণ এবং পিছন সাইটের ওয়াল মেরামত ও ওয়েদার কোটকরণ কাজ। | ৯৪,৭০১/- " | মেসার্স মাহাবীর এন্টারপ্রাইজ | ৯৮,৫৫১/৩৪ টাকা | মসজিদের নৈমিত্তিক খাত |
| (৩০) | বনানী ডিওএইচএস এর নিরাপত্তার জন্য গলফ ক্লাবের দক্ষিণ দিকে দেয়ালের উপর এ্যাঙ্গেলসহ কাঁটা তারের বেড়া স্থাপন কাজ। | ৩,৫৩,৪৮৩/- " | মেসার্স চাঁন মিয়া ইঞ্জিনিয়ারিং ওয়ার্কশপ | ৩,৭০,২৭৩/- টাকা | বনানী ডিওএইচএস এলাকার অনুমোদিত নির্মাণের জন্য জমাকৃত অর্থ হতে |


আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের উপরোক্ত কাজগুলো সম্পাদনের জন্য দরপত্র আহ্বান করা হয় এবং গ্যারিসন ডিউটি অফিসার এর উপস্থিতিতে দরপত্র বাস্তব খোলা হয়। প্রাপ্ত দরসমূহ Tender Evaluaiton Committee এর মতামতসহ সভায় বিস্তারিত পর্যালোচনা করা হলো।

সিদ্ধান্ত : বিস্তারিত পর্যালোচনান্তে উপরোল্লিখিত কাজের দরগুলো নিম্নবর্ণিতভাবে অনুমোদন করা হলো :-

| ক্রমিক নং | অনুমোদিত দর | মন্তব্য |
|-----------|-------------------|---------|
| ১ | ২৫,০০০/- টাকা | |
| ২ | ১,৯৯,০০০/- টাকা | |
| ৩ | ১,৭৫,০০০/- টাকা | |
| ৪ | ২০,০০০/- টাকা | |
| ৫ | ১,৬১,১৪৩/- টাকা | |
| ৬ | ১,২১,৫১১/৯৬ টাকা | |
| ৭ | ২৮,৯২৫/- টাকা | |
| ৮ | ৩৮,৮৮১/১০ টাকা | |
| ৯ | ৪৯,২৯৭/৭৫ টাকা | |
| ১০ | ৪,২০,২৯৫/- টাকা | |
| ১১ | ২,৪৭,৯৫০/১৫ টাকা | |
| ১২ | ২,০৯,৭৪৯/- টাকা | |
| ১৩ | ৯,০৬,৭৬৮/১৮ টাকা | |
| ১৪ | ৮৭,৩৬,২৯১/২০ টাকা | |
| ১৫ | ৩,৬৫,৪৪৫.৭০ টাকা | |
| ১৬ | ৮৯,৩০৪.৯৩ টাকা | |
| ১৭ | ৫৯,৬৮৪.৮১ টাকা | |
| ১৮ | ১,৮৪,৭৭৫/- টাকা | |
| ১৯ | ১,৯৮,৮৪০/- টাকা | |
| ২০ | ১,৩২,১৯৭/- টাকা | |
| ২১ | ১,৫৬,০৬৮/- টাকা | |
| ২২ | ১,৯৪,৫০৭/- টাকা | |
| ২৩ | ৬৮,৯৪৬/- টাকা | |
| ২৪ | ১,৪৯,৯৯৬/- টাকা | |
| ২৫ | ১,২৯,০১৮/৬৩ টাকা | |
| ২৬ | ৫৭,৯৪৪/৬৬ টাকা | |
| ২৭ | ৯৪,০৩৪/৪৪ টাকা | |
| ২৮ | ৯২,৮১১/৬৮ টাকা | |
| ২৯ | ৯৮,৫৫১/৩৪ টাকা | |
| ৩০ | ৩,৭০,২৭৩/- টাকা | |

| | | | | |
|--|-------------------------|------------------------------|--|---|
| <p>ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৭খামান নিচতলার উপর দ্বিতীয় তলা নির্মাণ কাজ।</p> | <p>৩৫,৫০/- টাকা</p> | <p>৩,৩০,২০০.০০ টাকা</p> | <p>মেসার্স ইঞ্জিনিয়ার্স ও মোহা ফাউ</p> | <p>৩ মোহা ফাউ</p> |
| <p>ক্যান্টনমেন্ট বাজার এলাকার ৫২/এ নং প্রটে পুরাতন ৬৪/এ নং প্রটেইং পিছনে) ক্যান্টনমেন্ট বোর্ড টাক কোয়ার্টার এর বিদ্যমান ২য় তলার উপর ৩য় তলা নির্মাণ কাজ।</p> | <p>৩০,৬৮,০৮০/- টাকা</p> | <p>৩২,১০,৯৮৪.১৯ টাকা</p> | <p>মেসার্স মোহেল এন্ড ব্রাদার্স</p> | <p>অনুমান ও মোহা ফাউ</p> |
| <p>বনানী কবরস্থানে ফুটপাথ ও মাটি ওরাসিসহ দু'টি নতুন লেন তৈরি করণ।</p> | <p>৮,৮০,০৫৩/- টাকা</p> | <p>৮,৩৬,০৫০.৩৫ টাকা</p> | <p>মেসার্স শ্রী ফি এন্ড সফ</p> | <p>বেড ফাউ</p> |
| <p>বারিধারা ডিওএইচএস এলাকার অনন্যা শপিং কমপ্লেক্স হতে দক্ষিন দিকে গুলশান রোড সংযোগ পর্যন্ত প্রধান সড়ক প্রশস্ত করনসহ কার্পেটিং কাজ।</p> | <p>১৮,১০,৫৮৭/- টাকা</p> | <p>১৭,২০,০৫৭.৬৫ টাকা</p> | <p>মেসার্স মনোমতি ট্রেডিং ইন্টারন্যাশনাল</p> | <p>বারিধারা ডিওএইচ এস উন্নয়ন তহবিল</p> |

চলমান পাতা-১১



| ক্র/নং | কাজের বিবরণ | অনুমোদিত মূল্যানুমান এমইএস সিডিউর অব রেইটস ২০০৭ মোতাবেক | ৫% নিম্নে/সর্বনিম্ন দর প্রদানকারী ফার্মের নাম | ৫% নিম্নে/সর্বনিম্ন উদ্ধৃত দর | সর্বনিম্ন দরদাতা/গটরীতে বিজয়ী | মন্তব্য |
|--------|--|---|--|-------------------------------|--------------------------------|---------|
| | | | ৩৬। নির্মাণ কন্ট্রাকশন ৩৭। এ কে কন্ট্রাকশন, ১৯৮ ভাষানটেক ৩৮। খান ট্রেডার্স ৩৯। সরদার এসোসিয়েটস ৪০। ইমেল এন্টারপ্রাইজ ৪১। জি এম ট্রেডার্স ৪২। দি মুন এন্টারপ্রাইজ ৪৩। জামান ট্রেড ইন্টারন্যাশনাল ৪৪। আলী কন্ট্রাকশন এন্ড সাপ্লাঃ ৪৫। এস এস এন্টারপ্রাইজ ৪৬। আজিজ কর্পোরেশন ৪৭। লাকী ট্রেডার্স ৪৮। ভূইয়া কন্ট্রাকশন ৪৯। এ কে কন্ট্রাকশন, ১৫৬/৫ মাটিকাটা ৫০। হাবিব ট্রেডিং ৫১। দি ইউনিক ইঞ্জিনিয়ার্স ৫২। আকবর এন্ড কোং ৫৩। এস আলম এন্টারপ্রাইজ ৫৪। সফাত এন্টারপ্রাইজ ৫৫। এম এইচ এন্টারপ্রাইজ ৫৬। তাহের এন্টারপ্রাইজ ৫৭। জি এন এন্টারপ্রাইজ ৫৮। এইচ আর ইঞ্জিনিয়ারিং ৫৯। সোহেল এন্ড ব্রাদার্স ৬০। ফ্রেডস কর্নি ৬১। আল ফালাহ এন্টারপ্রাইজ ৬২। খোরশেদ আলম এন্টারপ্রাইজ রহমান ট্রেডার্স | | | |
| ৫। | বনানী ডিওএইচএস এলাকার আধুনিক ডিজাইনের গেইট ও টয়লেট নির্মাণ। | ১৫,০০,০০০/-টাকা | ১। মেসার্স মনির এন্ড কোং ২। দি ইউনিক ইঞ্জিনিয়ার্স ৩। শরীফ এন্ড সন্স ৪। গোল্ডেন ট্রেড ইন্টারন্যাশনাল ৫। এস এস এন্টারপ্রাইজ | ১৪,২৫,০০০.০০ টাকা | মেসার্স এস এস এন্টারপ্রাইজ | অনুদান |
| ৬। | মহাশালী ডিওএইচএস এলাকার লেন নং- ৩৩, ৩৪, ৩৫ এবং ৩২ হতে ৩৫ এর সংযোগ সড়ক মেসামত ও কাপেটিং কাজ। | ৮,২১,২২২/-টাকা | ১। মেসার্স বি এম ট্রেডার্স ২। খোরশেদ আলম এন্টাঃ ৩। সফাত এন্টারঃ ৪। শাহাবুদ্দিন এন্টারঃ ৫। সরদার এন্ড এসোসিয়েটস ৬। সরদার ট্রেড ৭। লাকী এন্টারপ্রাইজ ৮। রহমান ট্রেডার্স ৯। মান্টিপোল ট্রেড ইন্টাঃ ১০। একটিভ এন্টাঃ ১১। ফরিদা ট্রেডার্স ১২। গোল্ডেন ট্রেড ইন্টাঃ ১৩। আলী এন্ড এসোঃ ১৪। জামান ট্রেড ইন্টারঃ ১৫। আলী কন্ট্রাকশন এন্ড সাঃ ১৬। সেডেন ষ্টার ইলেকঃ ১৭। জি এম ট্রেডার্স ১৮। এম আর ট্রেড ইন্টাঃ ১৯। মনি ট্রেডিং কর্পোঃ ২০। সরদার টেক এন্ড ইঞ্জিঃ ২১। মিম এন্টারঃ ২২। সীমান্ত এজেন্সী ২৩। মহি এন্ড ব্রাদার্স ২৪। রনি এন্টারপ্রাইজ ২৫। দি মুন এন্টারপ্রাইজ ২৬। আজিজ কর্পোরেশন ২৭। এ কে কন্ট্রাকশন, ১৯৮ ভাষানটেক ২৮। শফিক ট্রেডিং কর্পোঃ ২৯। আর এস এন্টারঃ ৩০। লাকী ট্রেডার্স ৩১। ঢাকা কন্ট্রাকশন ৩২। রিয়া এন্টারপ্রাইজ ৩৩। রুদ্র এন্ড ব্রাদার্স ৩৪। ইব্রাহিম এন্ড ব্রাদার্স ৩৫। দি ইউনিক ইঞ্জিনিয়ার্স ৩৬। বসুন্ধরা ট্রেডার্স ৩৭। দিলদার এন্টারপ্রাইজ | ৭,৮০,১৬১.৫৫ টাকা | মেসার্স দি ইউনিক ইঞ্জিনিয়ার্স | অনুদান |

| | | | | | | |
|----|---|---|---|-------------------|----------------------------|--------|
| | | ৫২। শহীদ এন্ড ৫৩। হাবিব ট্রেডিং ৫৪। শরীফ এন্ড সন্স ৫৫। জুই এন্টারপ্রাইজ ৫৬। জিম এন্টারপ্রাইজ ৫৭। ময়নামতি ট্রেড ইন্টার ৫৮। এ কে কনস্ট্রাকশন, ১৫৬/৫ মাটিকটা ৫৯। মনির এন্ড কোং ৬০। খান ট্রেডার্স ৬১। ইমেল এন্টারপ্রাইজ ৬২। মাহথির এন্টারপ্রাইজ ৬৩। কে টি এস ট্রেডিং কোং ৬৪। নয়ন এন্টারপ্রাইজ | | | | |
আলোচনা : বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রণাধীন রজনীগন্ধা সুপার মার্কেটস্থ হকার্স হার্ডস্ট্যান্ড/ভিটিসমূহ ০১ জুলাই, ২০১০ হতে ৩০ জুন, ২০১১ তারিখ পর্যন্ত (এক বছরের জন্য) ইজারা প্রদানের নিমিত্তে দৈনিক প্রথম আলো পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে ২৬ মে, ২০১০ তারিখে দরপত্র আহবান করা হলে মোট ০৬ (ছয়) টি দরপত্র পাওয়া যায়। প্রাপ্ত দরপত্রসমূহ নিম্নরূপ :

| ক্রমিক নং | দরদাতার নাম | প্রদত্ত দর |
|-----------|---------------------------------|------------------|
| ১। | মেসার্স রিমা এন্টারপ্রাইজ | ১১,৯০,০০০/- টাকা |
| ২। | মেসার্স হিমেলএন্টারপ্রাইজ | ১১,৫১,০০০/- টাকা |
| ৩। | মেসার্স এ কে এম মিজান ট্রেডার্স | ৯,৮১,০০০/- টাকা |
| ৪। | মেসার্স হক এন্টারপ্রাইজ | ৯,৫০,০০০/- টাকা |
| ৫। | মেসার্স মাহবুব এন্টারপ্রাইজ | ১৩,২৫,০০০/- টাকা |
| ৬। | মেসার্স এস এম এন্টারপ্রাইজ | ১৫,২৫,০০০/- টাকা |

উক্ত হকার্স হার্ডস্ট্যান্ড/ভিটিসমূহ ইজারার বিগত ০৩ (তিন) বছরের প্রাপ্ত সর্বোচ্চ দর নিম্নে প্রদত্ত হলোঃ-

| ক্রমিক নং | অর্থ বছর | অনুমোদিত দর |
|-----------|-----------|-----------------|
| ১। | ২০০৬-২০০৭ | ৬,৬৪,২০০/- টাকা |
| ২। | ২০০৭-২০০৮ | ৯,৭৫,১০১/- টাকা |
| ৩। | ২০০৯-২০১০ | ৯,১৫,০০০/- টাকা |

প্রাপ্ত দরসমূহের মধ্যে মেসার্স এস এম এন্টারপ্রাইজ, সি/২২৫, রজনীগন্ধা সুপার মার্কেট, ঢাকা সেনানিবাস কর্তৃক ভ্যাট ও আয়করসহ প্রদত্ত ১৫,২৫,০০০/- টাকার দরটি সর্বোচ্চ হয়।

সিদ্ধান্ত : রজনীগন্ধা সুপার মার্কেটস্থ হকার্স হার্ডস্ট্যান্ড ২০১০-২০১১ সনের জন্য ইজারার নিমিত্তে প্রাপ্ত ১৫,২৫,০০০/- (পনের লক্ষ পঁচিশ হাজার) টাকার সর্বোচ্চ দরটি অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

২৮ বিবিধ (২) : রজনীগন্ধা সুপার মার্কেটস্থ ০৩(তিন)টি গ্রুপ টয়লেট ইজারার সর্বোচ্চ দর অনুমোদন প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড নিয়ন্ত্রণাধীন রজনীগন্ধা সুপার মার্কেটস্থ ০৩ (তিন) টি গ্রুপ টয়লেট ০১ জুলাই, ২০১০ হতে ৩০ জুন, ২০১১ তারিখ পর্যন্ত (এক বছরের জন্য) ইজারা প্রদানের নিমিত্তে দৈনিক প্রথম আলো পত্রিকায় বিজ্ঞপ্তির মাধ্যমে ২৫ মে, ২০১০ তারিখে দরপত্র আহবান করা হলে মোট ০৩ (তিন) টি দরপত্র পাওয়া যায়। প্রাপ্ত দরপত্রসমূহ নিম্নরূপ :

| ক্রমিক নং | দরদাতার নাম | প্রদত্ত দর |
|-----------|-----------------------------|-----------------|
| ১। | মেসার্স তাওশিন এন্টারপ্রাইজ | ৪,৯০,০০০/- টাকা |
| ২। | মেসার্স রাবি এন্টারপ্রাইজ | ২,৩০,০০০/- টাকা |
| ৩। | মেসার্স অনিক এন্টারপ্রাইজ | ২,০০,০০০/- টাকা |

উক্ত গ্রুপ টয়লেট ইজারার বিগত ০৩ (তিন) বছরের প্রাপ্ত সর্বোচ্চ দর নিম্নে প্রদত্ত হলোঃ-

| ক্রমিক নং | অর্থ বছর | অনুমোদিত দর |
|-----------|-----------|-----------------|
| ১। | ২০০৭-২০০৮ | ৫,২৮,০০০/- টাকা |
| ২। | ২০০৮-২০০৯ | ৬,২০,০০০/- টাকা |
| ৩। | ২০০৯-২০১০ | ৪,৮৫,১০০/- টাকা |

প্রাপ্ত দরসমূহের মধ্যে মেসার্স তাওশিন এন্টারপ্রাইজ, প্রোপ্রাইটর- জনাব জাহাঙ্গীর হোসেন, ডি/৪৯, রজনীগন্ধা সুপার মার্কেট, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রদত্ত ৪,৯০,০০০/- (চার লক্ষ নব্বই হাজার) টাকার দরটি সর্বোচ্চ হয়।

সিদ্ধান্ত : রজনীগন্ধা সুপার মার্কেটস্থ ০৩(তিন)টি গ্রুপ টয়লেট ইজারার নিমিত্তে প্রাপ্ত ৪,৯০,০০০/- (চার লক্ষ নব্বই হাজার) টাকার সর্বোচ্চ দরটি অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

চলমান পাতা-৩১

২৮ বিবিধ (৩) :

সরকারী জমির উপর অংশীদারিত্বের জিস্তিতে অবকাঠামো উন্নয়ন (ফ্ল্যাট বাড়ী নির্মাণ) নীতিমালা, ২০১০ এর খসড়া অনুমোদন প্রসংগে।

আলোচনা :

প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের তারিখের নং পত্রের মাধ্যমে গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত 'সরকারী জমির উপর অংশীদারিত্বের জিস্তিতে অবকাঠামো উন্নয়ন (ফ্ল্যাট বাড়ী নির্মাণ) নীতিমালা, ২০০৯' এর আলোকে ডিওএইচএসসহ ক্যান্টনমেন্ট এর সরকারী জমিতে অংশীদারিত্বের জিস্তিতে ডেভেলপারের মাধ্যমে অবকাঠামো নির্মাণের খসড়া নীতিমালা প্রণয়ন করার জন্য পরামর্শ প্রদান করা হয়েছে। সে মোতাবেক উপরেস্থিত নীতিমালার আলোকে নিম্নবর্ণিত খসড়া নীতিমালা প্রণয়ন করা হয়েছে :-

**সরকারী জমির উপর অংশীদারিত্বের জিস্তিতে অবকাঠামো উন্নয়ন
(ফ্ল্যাট বাড়ী/বাণিজ্যিক ভবন নির্মাণ) নীতিমালা, ২০১০**

এসআরও নং/আইন। ক্যান্টনমেন্টস এ্যাক্ট, ১৯২৪ (১৯২৪ এর ২) এর ধারা ২৮০ এর উপ-ধারা (২) এর দফা (১) দ্বারা প্রদত্ত ক্ষমতা বলে সরকার নিম্নরূপ নীতিমালা প্রকাশ করিল, যথা:-

যেহেতু সেনানিবাসসমূহে সরকারের মালিকানাধীন ও নিয়ন্ত্রণাধীন পরিত্যক্ত সম্পত্তি বা খাস জমি বা জমি প্রয়োজনীয় নীতিমালা ও অর্থাভাবে যথাযথভাবে ব্যবহার করা যাইতেছে না এবং দীর্ঘ সময়ে সরকারী জমি অব্যবহৃত/অন্যের দখলে থাকিবার কারণে প্রায়ই এক শ্রেণীর শার্বিকার্থী চক্র এইগুলো আত্মসাৎ করিবার অপচেষ্টা চালায় বিধায় প্রতিকূল ও পারিপার্শ্বিক চাপে এই সমস্ত জমি দীর্ঘদিন অব্যবহৃত/অন্যের দখলে রাখা সমীচীন নয় মর্মে প্রতীয়মান হইতেছে; এবং

যেহেতু সেনানিবাসসমূহে কর্মরত বেসামরিক কর্মকর্তা/কর্মচারীদের আবাসন সমস্যা অত্যন্ত প্রকট তাই সেনানিবাসসমূহে সরকারের মালিকানাধীন ও নিয়ন্ত্রণাধীন পরিত্যক্ত সম্পত্তি বা খাস জমি বা ক্যান্টনমেন্ট বোর্ডের অব্যবহৃত 'সি' শ্রেণীর জমিতে ডেভেলপারের মাধ্যমে বহুতল ভবন নির্মাণ করে ফ্ল্যাট বরাদ্দ প্রদান করা যাইতে পারে; এবং

যেহেতু ক্যান্টনমেন্ট বোর্ডসমূহ স্বয়ং শাসিত সংস্থা এবং নিজেদের আয় দিয়েই তাদের ব্যয় নির্বাহ করার কথা থাকিলেও আয়ের পর্যাপ্ত উৎস না থাকায় প্রশাসনিক ব্যয়সহ উন্নয়ন বাজেটের যাবতীয় ব্যয়ের জন্য অনুদানের উপর নির্ভরশীল থাকতে হয় বিধায় বোর্ডসমূহের 'সি' শ্রেণীভুক্ত অব্যবহৃত জমিতে বাণিজ্যিক ভবন নির্মাণ করে বোর্ডসমূহকে আর্থিক দিক দিয়া স্বয়ংসম্পূর্ণ ও স্বাবলম্বী যাইতে পারে;

১। নীতিমালার সক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।- এই নীতিমালা সরকারী জমির উপর অংশীদারিত্বের জিস্তিতে অবকাঠামো উন্নয়ন (ফ্ল্যাট বাড়ী নির্মাণ) নীতিমালা, ২০১০ হিসাবে অভিহিত হইবে।

(২) ইহা অনতিবিলম্বে কার্যকর হইবে।

২। নীতিমালার উদ্দেশ্য।- এ নীতিমালায় বর্ণিত নীতিসমূহের অতিরিক্ত হিসাব এই নীতিমালার উদ্দেশ্য হইবে নিম্নরূপ, যথা :-

- (ক) জাতীয় গৃহায়ন নীতি, ১৯৯৩ এর আলোকে শহর এলাকায় পরিকল্পিতভাবে গৃহায়ন অবকাঠামো সংকট নিরসন;
- (খ) The Building Construction Act, 1952 (Act No II of 1952), প্রযোজ্য ইমারত নির্মাণ বিধিমালা, জাতীয় গৃহায়ন নীতি, ১৯৯৩ এবং বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড অনুসরণে, পরিকল্পিতভাবে, অবকাঠামো গড়িয়া তোলায় সহায়ক ভূমিকা পালন;
- (গ) গৃহায়ন বাতে বেসরকারী উদ্যোগ ও অর্থায়নকে সাংগঠনিক কাঠামোর আওতায় আনয়ন; এবং
- (ঘ) সাধারণ জনগণ, বিশেষ করিয়া, বয়স্ক ও সীমিত আয়ের সরকারী কর্মকর্তা- কর্মচারীদের গৃহায়ন সমস্যা সমাধানে অগ্রাধিকার জিস্তিতে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান।

৩। সংজ্ঞা।- বিষয় অথবা প্রসংগের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এ নীতিমালায় -

- (ক) "অংশীদার" অর্থ এ নীতিমালার আওতাধীন প্রকল্পসমূহ বা বাস্তবায়নের জন্য ক্যান্টনমেন্ট বোর্ডের সাথে প্রযোজ্য শর্ত সাপেক্ষে চুক্তিবদ্ধ কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গ বা ডেভেলপার;
- (খ) "অবকাঠামো" অর্থ সরকারী জমিতে অংশীদারিত্বের জিস্তিতে প্রকল্প বাস্তবায়নের উদ্দেশ্যে নির্মিত বা নির্মিত সকল ইমারত বা ভবন, সীমানা প্রাচীর, রাস্তা, ড্রেন এবং বিভিন্ন সার্ভিস লাইনসহ যাবতীয় নির্মাণ কাঠামো;
- (গ) "আবেদনপত্র" অর্থ সরকারী জমিতে বেসরকারী আবাসিক প্রকল্প অনুমোদনের আবেদন বা পুনঃঅনুমোদন বা নবায়ন বা সংশোধনের আবেদন এবং অংশীদারিত্বের জিস্তিতে প্রকল্প বাস্তবায়নের উদ্দেশ্যে আহ্বানকৃত দরপত্র দলিল জন্মের আবেদন;
- (ঘ) "ইমারত বা ভবন" অর্থ Building Construction Act, 1952 (E.B Act II of 1953) এর Section 2 (b).
- (ঙ) "ক্রোডা" অর্থ ঐ ব্যক্তি, ব্যক্তিবর্গ বা কোম্পানী যিনি বা যাহারা এই নীতিমালার আওতাধীন প্রকল্পে এক বা একাধিক ফ্ল্যাট ক্রয় করিবেন এবং তাঁহার বা তাঁহাদের বা কোম্পানীর নামে ঐ সম্পত্তি রেজিস্ট্রেশন করাইবেন;
- (চ) "ফ্ল্যাট" অর্থ অংশীদারিত্বের জিস্তিতে গৃহীত বা প্রকল্পের অধীনে নির্মিত ভবনের আবাসিক ইউনিট;
- (ছ) "বাস্তবায়নকারী কর্তৃপক্ষ" অর্থ অংশীদারিত্বের জিস্তিতে গৃহীত বা প্রকল্প বাস্তবায়নের দায়িত্ব প্রাপ্ত প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীনস্থ অধিদপ্তর বা পরিদপ্তর বা কর্তৃপক্ষের ইউনিট;
- (জ) "সরকার" অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রতিরক্ষা মন্ত্রণালয়;
- (ঝ) "দরপত্র দলিল" অর্থ অংশীদারিত্বের জিস্তিতে বাস্তবায়নের উদ্দেশ্যে গৃহীত বা প্রকল্পের দরপত্রের জন্য প্রস্তুতকৃত দরপত্র দলিল;

চলমান পাতা-৩।

- (ঞ) "দরপত্রদাতা" অর্থ অংশীদারিত্বের ভিত্তিতে বাস্তবায়নের উদ্দেশ্যে গৃহীতব্য প্রকল্পের দরপত্রে অংশগ্রহণকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান;
- (ট) 'এ' শ্রেণীর ভূমি : যাহা সুনির্দিষ্টভাবে সামরিক প্রয়োজনে দরকারী বা সংরক্ষিত;
- (ঠ) 'বি' শ্রেণীর ভূমি : যাহা এইরূপে দরকারী বা সংরক্ষিত নয় কিন্তু যাহা ক্যান্টনমেন্ট এলাকায় সামরিক প্রশাসনের ক্ষেত্রে সরকারের দায়িত্বাবলী কার্যকর প্রতিপালনের জন্য রক্ষিত হয়;
- (ড) 'সি' শ্রেণীর ভূমি : যাহা ক্যান্টনমেন্টস এ্যাক্ট, ১৯২৪ এর ১০৮ ধারার অধীনে ক্যান্টনমেন্ট বোর্ডের উপর ন্যস্ত সকল ভূমি;
- (ঢ) "ডেভেলপার" অর্থ অংশীদারিত্বের ভিত্তিতে বাস্তবায়নের উদ্দেশ্যে গৃহীতব্য প্রকল্পের দরপত্রে অংশগ্রহণকারী এবং চূড়ান্তভাবে নির্বাচিত দরপত্রদাতা;
- (ণ) "As built drawing" অর্থ অংশীদারিত্বের ভিত্তিতে বাস্তবায়িত প্রকল্পের সকল অবকাঠামো বা ভবন বা ফ্ল্যাটের নির্মাণ পরবর্তী চূড়ান্ত স্থাপত্য, কাঠামো ও আনুষঙ্গিক সার্ভিসেস এর নকশা;
- (ত) "বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড" অর্থ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক ২২ মে, ২০০৬ ইং তারিখের প্রজ্ঞাপন-এস, আর, ও নং-৮৪-আইন/২০০৬ দ্বারা জারীকৃত বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড (Bangladesh National Building Code);
- (থ) "চুক্তিপত্র" অর্থ অংশীদারিত্বের ভিত্তিতে বাস্তবায়িতব্য প্রকল্পের দরপত্রে নির্বাচিত দরপত্রদাতা (ডেভেলপার) ও বাস্তবায়নকারী কর্তৃপক্ষের মধ্যে প্রকল্প বাস্তবায়নের উদ্দেশ্যে সম্পাদিত চুক্তি;
- (দ) "ক্রয়কারী কার্যালয় প্রধান (Head of the procuring entity)" অর্থ পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এ বর্ণিত ক্রয়কারী কার্যালয় প্রধান (Head of the procuring entity); এবং
- (ধ) "ক্রয়কারী (Procuring entity)" অর্থ পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এ বর্ণিত ক্রয়কারী (Procuring entity)।

৪। জমি নির্বাচন ও প্রকৃতি।-(১) সরকারী জমির উপর অংশীদারিত্বের ভিত্তিতে অবকাঠামো উন্নয়নের জমি বাংলাদেশের যে কোন সেনানিবাসের সীমানার মধ্যে সরকারের/ক্যান্টনমেন্ট বোর্ডের সরাসরি নিয়ন্ত্রণাধীন বা মালিকানাধীন বা পরিত্যক্ত অথবা অন্যবিধ সূত্রে প্রাপ্ত যে কোন স্থানে হইবে।

(২) এই নীতিমালার উদ্দেশ্য বাস্তবায়নে সরকারের সংশ্লিষ্টতা (equity) শুধুমাত্র ভূমিতে সীমাবদ্ধ থাকিবে।

(৩) প্রত্যাশিত মন্ত্রণালয় নির্মাণ কাজের জন্য জমি নির্বাচনের চূড়ান্ত কর্তৃপক্ষ হইবে।

(৪) এই নীতিমালার উদ্দেশ্য বা বাস্তবায়নকালে পরিবেশের উপর বিরূপ প্রভাব পড়ে এমন কোন স্থান বা কৃষি জমি, খেলার মাঠ, বন, জলাধার ও প্রাকৃতিক নিষ্কাশন, প্রভৃতি বিনষ্ট হয় এমন কোন জমি নির্বাচন করা যাইবে না।

(৫) সরকারী জমির উপর অংশীদারিত্বের ভিত্তিতে অবকাঠামো নির্মাণের ক্ষেত্রে উর্ধ্বমুখী সম্প্রসারণ (vertical expansion) এর উপর গুরুত্বারোপ করা হইবে।

(৬) সরকারী কর্মকর্তা ও কর্মচারীদের জন্য ইতোমধ্যে প্রতিষ্ঠিত আবাসিক এলাকায় এ নীতিমালার অনুসরণে ভবন নির্মাণ করা যাইবে না।

(৭) সরকারী জমির উপর অংশীদারিত্বের ভিত্তিতে অবকাঠামো নির্মাণ সংশ্লিষ্ট শহর উন্নয়ন কর্তৃপক্ষ বা অন্য কোন কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত মাস্টার প্ল্যান, যদি থাকে, অনুসরণপূর্বক করিতে হইবে।

৫। প্রকল্প সূত্রায়ন।-(১) প্রকল্পবাস্তবায়নকারী সংস্থা কর্তৃক প্রতিটি প্রকল্পের জন্য যথানিয়মে একটি "প্রকল্প ছক" প্রণয়ন করিতে হইবে।

(২) প্রকল্প প্রণয়ন ও অনুমোদনের ক্ষেত্রে নিম্নবর্ণিত সদস্য সমন্বয়ে একটি স্ট্রাকচারিং কমিটি থাকিবে, যথাঃ-

| | | | |
|-----|--|----|------------|
| (ক) | পরিচালক, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর | -- | আহ্বায়ক |
| (খ) | প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড ও স্টেশন কমান্ডার, ঢাকা সেনানিবাস | -- | সদস্য |
| (গ) | প্রতিনিধি, সেনাসদর, কিউএমজি শাখা, এমএসসিকিউ পরিদপ্তর | -- | সদস্য |
| (ঘ) | সিএমইএস (আর্মি), ঢাকা সেনানিবাস | -- | সদস্য |
| (ঙ) | প্রতিনিধি, প্রতিরক্ষা মন্ত্রণালয় | -- | সদস্য |
| (চ) | এমইও, কেন্দ্রীয় সার্কেল, ঢাকা সেনানিবাস | -- | সদস্য |
| (ছ) | নির্বাহী প্রকৌশলী, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড | -- | সদস্য |
| (জ) | রেভিনিউ অফিসার, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড | -- | সদস্য |
| (ঝ) | আইন উপদেষ্টা, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড | -- | সদস্য |
| (ঞ) | সিইও, ঢাকা ক্যান্টনমেন্ট | -- | সদস্য-সচিব |

(৩) উপ-নীতি (২) এ বর্ণিত উল্লেখিত কমিটি, প্রয়োজনবোধে, অন্য কোন ব্যক্তিকে কমিটিতে সদস্য হিসাবে অন্তর্ভুক্ত করিতে পারিবে বা অন্য কাহারও পরামর্শ গ্রহণ করিতে পারিবে।

(৪) কমিটি কর্তৃক সুপারিশকৃত "প্রকল্প হক" প্রতিরক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী কর্তৃক অনুমোদিত হইতে হইবে।

(৫) প্রতিটি অবকাঠামো বা ভবন এর প্ল্যান যথাযথভাবে প্রণয়ন ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হইতে হইবে।

৬। প্রকল্প বাস্তবায়ন।-(১) প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন ক্যান্টনমেন্ট বোর্ড প্রকল্প বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত হইবে।

(২) বাংলাদেশ সরকারের যে কোন মন্ত্রণালয় বা সংস্থা এ ধরনের প্রকল্প বাস্তবায়ন করিতে আগ্রহী হইলে গণপূর্ত অধিদপ্তর এবং স্থাপত্য অধিদপ্তর এর মাধ্যমে তা বাস্তবায়ন করিতে পারিবে।

(৩) অংশীদারিত্বের ভিত্তিতে গৃহীতব্য কোন প্রকল্পের জন্য নতুন জনবল নিয়োগ কিংবা সাংগঠনিক কাঠামোর সম্প্রসারণ না করিয়া নিয়োজিত জনবল ও কার্যরত সাংগঠনিক কাঠামোর মাধ্যমেই প্রকল্প বাস্তবায়ন করিতে হইবে।

(৪) বাস্তবায়নকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তক্রমে প্রকল্প বাস্তবায়নের পদ্ধতি নির্ধারিত হইবে।

(৫) দরপত্র দলিল প্রস্তুত, দরপত্র বিজ্ঞপ্তি প্রচার, দরপত্র গ্রহণ ও মূল্যায়নসহ প্রকল্প বাস্তবায়নের সকল ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ (২০০৬ সালের ২৪ নং আইন) এবং পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুসরণ করিতে হইবে।

(৬) প্রকল্প বাস্তবায়ন পদ্ধতি নির্ধারণের পর দরপত্র দলিল প্রস্তুত পূর্বক ক্রয়স্বাক্ষরী কার্যালয় প্রধান (Head of the procuring entity) এর অনুমোদন গ্রহণ করিয়া পরবর্তী কার্যক্রম গ্রহণ করিতে হইবে।

৭। প্রকল্পের নকশা প্রণয়ন ও অনুমোদন।-(১) যে পদ্ধতিতেই প্রকল্প বাস্তবায়িত হোক না কেন, নির্বাচিত ডেভেলপার প্রকল্পের সকল স্থাপত্য নকশা যেমনঃ কাঠামো, ইলেকট্রিক্যাল ও মেকানিক্যাল, পয়ঃপ্রণালী, গ্যাস, টেলিফোন ও অন্যান্য সকল সার্ভিস লাইন ও ওয়াকিং নকশা প্রণয়নের দায়িত্ব পালন করিবে।

(২) ডেভেলপার কর্তৃক প্রণীত নকশার জন্য পৃথকভাবে কোন মূল্য বা consultancy service এর বিল পরিশোধ করা যাইবে না।

(৩) প্রকল্পের সকল অবকাঠামো বা ভবন বা ফ্ল্যাট এর নকশা প্রণয়নের ক্ষেত্রে বিবেচ্য এলাকার জন্য জারীকৃত ইমারত নির্মাণ বিধিমালা প্রযোজ্য হইবে।

(৪) ক্যান্টনমেন্ট বোর্ড হইতে নির্বাচিত ডেভেলপার কর্তৃক প্রণীত স্থাপত্য নকশার অনুমোদন গ্রহণ করিতে হইবে।

(৫) ক্যান্টনমেন্ট বোর্ড হইতে নির্বাচিত ডেভেলপার কর্তৃক প্রণীত কাঠামো, ইলেকট্রিক্যাল ও মেকানিক্যাল, পয়ঃপ্রণালী, গ্যাস, টেলিফোন ও অন্যান্য সকল সার্ভিস লাইন এবং ওয়াকিং নকশার অনুমোদন গ্রহণ করিতে হইবে।

(৬) পরিকল্পনা প্রণয়নের সময় এক্ষিণয়ে সংশ্লিষ্ট নগর উন্নয়ন কর্তৃপক্ষের বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করিতে হইবে এবং ডেভেলপারকে নিজ খরচে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হইতে প্রকল্পের বিস্তারিত এর স্টে-আউট প্ল্যান এর অনুমোদন গ্রহণ করিতে হইবে।

(৭) জমির অবস্থান, জমির পরিমাণ এবং সরকারের প্রয়োজনীয়তা বিবেচনা করিয়া প্রতিটি ভবনের জন্য আলাদা আলাদা ফিনিশিং সিডিউল প্রণয়ন করিতে হইবে।

(৮) সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর, স্থাপত্য অধিদপ্তর এবং বাস্তবায়নকারী কর্তৃপক্ষ যৌথভাবে ফিনিশিং সিডিউল প্রণয়ন করিবে যা সংশ্লিষ্ট প্রকল্পের দরপত্র দলিলে সংযোজিত হইবে এবং সে অনুযায়ী কাজ সমাপ্ত করিতে হইবে।

(৯) নির্মাণ কাজ সম্পন্ন করিয়া ফ্ল্যাটসমূহ হস্তান্তরিত হওয়ার পর হইতে নির্মাণ শর্তানুযায়ী ক্রেতাজনিত দায়ের মেয়াদ (Defect liability period) পর্যন্ত ডেভেলপার প্রকল্পের অবকাঠামোর রক্ষণাবেক্ষণ, মেরামত ও নিরাপত্তার ব্যবস্থা করিবে।

৮। নির্মাণ কাজের মান নিয়ন্ত্রণ।-(১) দরপত্র দলিলে যেরূপ নির্দেশিত থাকিবে সেদৃষ্টিতে সর্বদা সর্বোচ্চ মানের উপাদান ব্যবহার করিতে হইবে।

(২) দরপত্র দলিলের কারিগরী বিনির্দেশনা অনুযায়ী নির্মাণ কাজের সকল মালামালের গুণাগুণ নির্ধারিত হইবে।

(৩) অপরিহার্য ক্ষেত্রে নির্মাণ প্রতিষ্ঠান সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা কর্তৃপক্ষ এর সম্মতিক্রমে মালামালের ধরণ ও প্রকার পরিবর্তন করিতে হইবে।

(৪) উপ-নীতি (৩) এ উল্লেখিত ধরণ ও পরিবর্তন এর জন্য কোন স্বত্বপূরণ বা মূল্য বৃদ্ধি সংক্রান্ত বিষয়টি চুক্তিপত্র এবং পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও তদধীন প্রণীত বিধিমালা আলোকে নির্ধারিত হইবে।

১৯

(৫) কর্তৃপক্ষ তৎকর্তৃক নির্ধারিত পদ্ধতি ও সময়ে প্রকল্পের নির্মাণ কাজে ব্যবহৃত যে কোন মালামালের গুণাগুণ পরীক্ষা করিতে পারিবে।

(৬) প্রকল্পের প্রযোজ্য ক্ষেত্রে Building Construction Act, 1952 ও বাংলাদেশ ন্যাশনাল বিল্ডিং কোড এর বিধি-বিধান অনুসরণ সকল ক্ষেত্রে বাধ্যতামূলক হইবে।

(৭) নির্মাণ কাজের কারিগরী বিনির্দেশনা তৈরী ও কাজ বাস্তবায়নের ক্ষেত্রে গণপূর্ত অধিদপ্তরের "Book of Specification" এবং "Code of Practice" অনুসরণ করিতে হইবে, তবে, ক্ষেত্র বিশেষে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে আন্তর্জাতিক যে কোন কোড অনুসরণ করা যাইতে পারে।

৯। প্রকল্পের বাস্তবায়ন ও সমাপ্তি।-(১) নির্মাণ কাজ সম্পূর্ণরূপে সমাপ্তির পর অনধিক ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ডেভেলপার একটি সম্পত্তি প্রতিবেদন প্রস্তুত করিয়া বাস্তবায়নকারী কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করিবে এবং বাস্তবায়নকারী কর্তৃপক্ষ ডেভেলপার এর সমাপ্তি প্রতিবেদন প্রাপ্তির পর সম্পূর্ণ প্রকল্পের কাজ চুক্তিপত্র অনুযায়ী বুঝিয়া নিবেন।

(২) নির্মাণ কাজ সমাপ্তি শেষে ডেভেলপার একটি 'As built drawing' প্রস্তুত করিয়া প্রয়োজনীয় সংখ্যক কপি বাস্তবায়নকারী কর্তৃপক্ষের নিকট পেশ করিবে।

(৩) উপ-নীতি (২) এ উল্লিখিত কাজের ব্যর্থতার জন্য চুক্তিপত্রে উল্লিখিতরূপে জরিমানা আদায় করা হইবে।

১০। অংশীদারিত্বের ভিত্তি।-(১) অনুমোদিত দরপত্রের ভিত্তিতে সরকার এবং ডেভেলপার এর মধ্যে সকল কর্ম সম্পাদন ও অংশীদারিত্বের ভিত্তিতে চুক্তিপত্র সম্পাদন করিতে হইবে অর্থাৎ ডেভেলপার কর্তৃক নির্মিতব্য ভবন বা ফ্ল্যাট এর শতকরা (%) কত ভাগ সরকার বা কর্তৃপক্ষ পাইবে তাহা উল্লেখ করিতে হইবে।

(২) উন্নয়নকৃত সম্পত্তির বন্টন বিষয়ে সরকার ও ডেভেলপার এর মধ্যে একটি চুক্তিপত্র সম্পাদন করিতে হইবে।

(৩) অংশীদারিত্বের ভিত্তি হিসাবে সম্পাদিত চুক্তিতে বর্ণিত উন্নয়নকৃত সম্পত্তির বন্টন হার পরিবর্তনযোগ্য হইবে না।

১১। ডেভেলপার বা অংশীদার নির্বাচন।-(১) এ নীতিমালার আওতায় আহ্বানকৃত দরপত্রে অংশগ্রহণকারীদের মধ্য হইতে ডেভেলপার বা অংশীদার নির্বাচন করা হইবে।

(২) দরপত্র মূল্যায়ন কমিটি সকল বিষয় বিচার-বিশ্লেষণপূর্বক যাহার বা যাহাদের দরপত্র প্রস্তাব শর্তানুযায়ী সর্বাধিক গ্রহণযোগ্য বা কারিগরী মান সম্পন্ন (technically fit) তাহা বিবেচনা করিবেন এবং উক্ত প্রস্তাব অনুমোদনের জন্য অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট সুপারিশসহ প্রেরণ করিবে।

(৩) দরপত্রে উল্লিখিত শর্তানুযায়ী যে দরপত্রে সর্বোচ্চ হারে সরকারকে অংশ প্রদানের প্রস্তাব থাকিবে ডেভেলপার বা অংশীদার নির্বাচনে তাহাকে সর্বাধিক গুরুত্ব প্রদান করা যাইবে এবং অনুমোদনকারী কর্তৃপক্ষের নিকট উক্ত দরপত্র প্রস্তাব গ্রহণযোগ্য হইলে তাহা অনুমোদন করিতে পারিবে।

(৪) উপ-ধারা (৩) অনুযায়ী কর্তৃপক্ষের অনুমোদনের পর নির্বাচিত অংশীদারের সাথে চুক্তিপত্র সম্পাদন করিতে হইবে।

১২। উন্নয়নকৃত অবকাঠামো বরাদ্দ, বিক্রয়, বিলিবন্টন, ইত্যাদি।-(১) অবকাঠামো বা ভবন বা ফ্ল্যাটসমূহের নির্মাণ কাজ সম্পন্ন হইবার পর সরকারী অংশের অবকাঠামো বা ভবন বা ফ্ল্যাট এরদখল সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছ আনুষ্ঠানিকভাবে হস্তান্তরের পূর্বে ডেভেলপার তাহার অংশের ভবন বা ফ্ল্যাট ব্যবহার অথবা অন্য কাহারো নিকট দখল হস্তান্তর করিতে পারিবে না।

(২) চুক্তি অনুযায়ী সরকার বা কর্তৃপক্ষ ডেভেলপারের প্রাপ্য অংশের অবকাঠামো বা ভবন বা ফ্ল্যাটসমূহ নির্ধারিত হইবে।

(৩) ডেভেলপারের প্রাপ্য অবকাঠামো বা ভবন বা ফ্ল্যাটসমূহ নিরানব্বই বৎসর মেয়াদে ইজারা চুক্তি দলিলে মাধ্যমে লীজস্বত্ব প্রদান করিতে হইবে এবং পরবর্তীতে ডেভেলপারের প্রাপ্য অবকাঠামো বা ভবন বা ফ্ল্যাটসমূহ অন্যত্র হস্তান্তরের জন্য সরকার বা কর্তৃপক্ষের পূর্বানুমতি গ্রহণ করিতে হইবে।

(৪) উপ-নীতি (৩) এ উল্লিখিত অবকাঠামো বা ভবন বা ফ্ল্যাটসমূহ সরকারী লীজকৃত সম্পত্তির ন্যায় এলাকাভিত্তিক হস্তান্তর ফি, নামজারী ফি, জমি উন্নয়ন কর ও গ্রাউন্ড বেন্টসহ অন্যান্য সরকারী বা সিটি কর্পোরেশন বা সংস্থার সরকারী পাওনা পরিশোধ করিতে হইবে এবং সরকার বা কর্তৃপক্ষের প্রচলিত নিয়মে উক্ত অবকাঠামো বা ভবন বা ফ্ল্যাটসমূহ এর ব্যবস্থাপনা পরিচালিত হইবে।

(৫) সরকার বা কর্তৃপক্ষের প্রাপ্য অংশের অবকাঠামো বা ভবন বা ফ্ল্যাটসমূহ হায়ার পারচেজ (hire purchase) এর ভিত্তিতে সরকারী কর্মকর্তা ও কর্মচারীদের মধ্যে বিশ হইতে পঁচিশ কিস্তিতে নিরানব্বই বৎসরের লীজ প্রদান করা হইবে এবং এ ক্ষেত্রে সরকার বা কর্তৃপক্ষ এর অনুমোদিত প্রসপেক্টাস অনুযায়ী উক্ত অবকাঠামো বা ভবন বা ফ্ল্যাটসমূহের ব্যবস্থাপনা পরিচালিত হইবে।

(৬) এ নীতিমালার আওতায় কোন একজন সরকারী কর্মকর্তা বা কর্মচারী একাধিক ফ্ল্যাট ক্রয় করিতে পারিবেন না।

(৭) রাজউক এর মাস্টার প্ল্যানভুক্ত এলাকায় রাজউক বা কোন সরকারী বা আধা-সরকারী সংস্থা বা কর্তৃপক্ষ কর্তৃক কোন সরকারী কর্মকর্তা বা কর্মচারী অথবা পরিবারের সদস্যদের নামে কোন জমি বা ফ্ল্যাট বরাদ্দ করা হইলে এবং উক্ত ফ্ল্যাট বা জমি বরাদ্দের পরবর্তী ৫ (পাঁচ) বৎসরের মধ্যে বসবাসযোগ্য হইলে তিনি আবেদন করার যোগ্য হইবেন না।

(৮) সরকার এবং ডেভেলপার তাহাদের নিজস্ব ব্যবস্থাপনায় নিজ নিজ অংশ বরাদ্দ বা বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করিবে।

(৯) ক্রেতার নিকট তার অংশ হস্তান্তর ও সমুদয় মূল্য পরিশোধের পর থেকে ৯০ (নব্বই) দিনের মধ্যে ডেভেলপার ক্রেতার অনুকূলে হস্তান্তর দলিল সম্পাদন ও রেজিস্ট্রি করিয়া দিবে।

(১০) প্রকল্প বাস্তবায়নকালে ডেভেলপার প্রকল্পের আওতাধীন সম্পত্তি কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান বা ব্যক্তির নিকট বন্ধক (Mortgage) অথবা দায়বদ্ধ করিতে পারিবে না।

১৩। সরকার, ডেভেলপার ও ক্রেতার মধ্যে সম্পাদিত চুক্তির শর্ত ১-(১) দরপত্র চুক্তির শর্ত মোতাবেক যে সকল জমি উন্নয়নের উদ্দেশ্যে বেসরকারী উদ্যোগদেরকে প্রদান করা হইবে, উক্ত জমি চূড়ান্ত বরাদ্দ প্রাপক বা ক্রেতার নিকট ৯৯ (নিরানব্বই) বৎসরের জন্য লীজ দলিলের মাধ্যমে হস্তান্তর করা হইবে।

(২) সরকারের সাথে ডেভেলপারের চুক্তিপত্র এবং ডেভেলপারের সাথে ক্রেতা সাধারণের চুক্তিপত্রের খসড়া মডেল তৈরী করিয়া তা প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক ভেটিং করিয়া লইতে হইবে এবং সকল পক্ষই চুক্তিপত্রের উক্ত মডেল অনুসরণ করিবে।

(৩) উপ-নীতি (২) এ উল্লিখিত চুক্তিপত্রের উক্ত মডেলে কোন পরিবর্তন অঙ্গাভাবিক প্রতীয়মান হইলে, তা মন্ত্রণালয়ের ভেটিং গ্রহণ সাপেক্ষে চুক্তিপত্রে প্রয়োজনীয় সংশোধন না পরিবর্তন করিতে পারিবে।

(৪) সকল ফ্ল্যাট ক্রেতার ক্ষেত্রেই সরকারী সকল প্রকার কর, ট্যাক্স, গ্যাপ, ইত্যাদি বিধি মোতাবেক প্রদান বাধ্যতামূলক হইবে।

(৫) ফ্ল্যাটের ক্রেতা যদি তার সম্পত্তি হস্তান্তর করিতে ইচ্ছুক হন, তবে সরকার নির্ধারিত সংশ্লিষ্ট অধিদপ্তর বা কর্তৃপক্ষের পূর্বানুমোদন গ্রহণ করিতে হইবে।

ব্যাখ্যা ১- এই উপ-ধারায় অধিদপ্তর বা কর্তৃপক্ষ বলিতে যে অধিদপ্তর বা কর্তৃপক্ষের জমিতে প্রকল্প বাস্তবায়ন করা হইবে তাহাকে বুঝাইবে।

১৪। চুক্তিভঙ্গের ফলাফল ১-(১) সরকার ও ডেভেলপার এবং ডেভেলপার ও ফ্ল্যাট ক্রেতার মধ্যে সম্পাদিত চুক্তির শর্ত ভঙ্গের ফলাফলের চুক্তিতে উল্লেখ করিতে হইবে।

(২) চুক্তির শর্তমতে কাজ সম্পাদনে ব্যর্থ হইলে, কাজ সম্পাদন সংক্রান্ত চুক্তি বাতিল হইয়া যাইবে এবং ডেভেলপার কর্তৃক সম্পাদিত সকল কাজ এবং সাইটে রক্ষিত তাঁহার না তাঁহাদের সকল যন্ত্রপাতি, আসবাবপত্র ইত্যাদি সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হইবে।

(৩) নির্ধারিত সময়ের মধ্যে ডেভেলপার পূর্ণাঙ্গ কাজ সম্পন্ন করিয়া ফ্ল্যাট হস্তান্তরে ব্যর্থ হইলে হস্তান্তর না করা পর্যন্ত সময়ের জন্য চুক্তিতে উল্লেখিত শর্তমতে ডেভেলপারকে সরকারের অনুকূলে সরকারী বাড়ি ভাঙার নির্ধারিত হার অনুযায়ী ক্ষতিপূরণ দিতে হইবে।

(৪) চুক্তি সম্পাদনকালে ডেভেলপার কর্তৃক সরকারের অনুকূলে চুক্তিতে উল্লেখিত পরিমাণ অর্থ জামানত হিসাবে জমা রাখিতে হইবে যা চুক্তিবদ্ধ জমির আয়তন এ প্রকৃতি অনুযায়ী চুক্তিপত্র লিপিবদ্ধ করিতে হইবে এবং ফ্ল্যাট নির্মাণ ও হস্তান্তর শেষে ফেরতযোগ্য হইবে।

তবে শর্ত থাকে যে, চুক্তির শর্ত ভঙ্গ করা হইলে এবং সরকার ক্ষতিমস্ত হইল উক্ত জামানতের টাকা সরকার তার অনুকূলে বাজেয়াপ্ত করিতে পারিবে।

(৫) এ নীতিমালার আওতাধীন চুক্তি Contract Act, 1872 অনুযায়ী বলবৎযোগ্য হইবে।

১৫। প্রকল্পের ক্ষতিপূরণ ১-(১) রাষ্ট্রীয় প্রয়োজনে সরকার অবকাঠামো অধিগ্রহণ, অপসারণ বা অন্যভাবে ব্যবহারের অধিকারী হইবে, তবে এ ক্ষেত্রে পুনর্বাসন বা ক্ষেত্রমত, ক্ষতিপূরণের ব্যবস্থা গ্রহণ করিতে হইবে।

(২) ভূমিকম্প ও অন্য কোন দৈব দুর্বিপাকে সম্পত্তি বা অবকাঠামো ক্ষতি হইলে এর জন্য সরকার কিংবা ডেভেলপার দায়ী থাকিবে না।

(৩) ভূমিকম্প ও অন্য কোন দৈব দুর্বিপাকে সম্পত্তি বা অবকাঠামো ক্ষতি হইলে এবং তদন্তে পরবর্তীতে সরকার কিংবা ডেভেলপার কর্তৃক কোনরূপ পুনর্বাসন বা পুনর্নির্মাণ প্রকল্প গৃহীত হইলে পূর্বের বরাদ্দ প্রাপক বা, ক্রেতাকে অস্বাধিকার প্রদান করিতে হইবে।

সিদ্ধান্ত :

প্রণীত খসড়া নীতিমালা বিস্তারিত পর্যালোচনান্তে অনুমোদন করা হলো। মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণের পূর্বে সাময়িক অফিসার আবাসিক প্রকল্প কমিটির মতামত গ্রহণ করা হোক।

চলমান পাতা-৩৫


২৮ বিবিধ (৪) : ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৬/এফ এর ০৩ টি ফ্ল্যাট কন্যাত্রয়ের নামে নামজারীর বিষয়টি ঘটনোত্তর অনুমোদন প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ক্যান্টনমেন্ট বাজার এলাকার ১৬/এফ নং প্লটটিতে সামিট প্রপার্টিজ এন্ড কন্সট্রাকশন কোম্পানী প্রাইভেট লিঃ এর মাধ্যমে ১৫ টি ফ্ল্যাট বিশিষ্ট একটি ০৬ তলা বাড়ী নির্মাণ করা হয়। উক্ত বাড়ীর মালিকের অংশের মধ্যে তিনটি ফ্ল্যাট তদীয় কন্যাত্রয় যথাক্রমে ৪/এ নং ফ্ল্যাটটি মিসেস ফারজানা আলম (কাস্তা)এর নামে, ৪/বি নং ফ্ল্যাটটি মিসেস খোদেজা আলম (কানন) এর নামে এবং ৪/সি নং ফ্ল্যাটটি মিসেস রহিমা আলম (কাজল) এর নামে ক্যান্টনমেন্ট বোর্ডের অনুমতি ব্যতিরেকে ডিক্লারেশন অব হেবা/দানপত্র রেজিস্ট্রি করে দিয়েছেন এবং উক্ত দানপত্রের হেবার কপিসহ নামজারীর জন্য অত্র দপ্তরে আবেদন করেছেন। এ প্রসংগে উল্লেখ্য যে, ডিক্লারেশন অব হেবা রেজিস্ট্রি করতে ক্যান্টনমেন্ট বোর্ডের অনুমতি প্রয়োজন হয়। বিষয়টি আবেদনকারীর জানা ছিলনা। এ অনিচ্ছাকৃত ভুলের জন্য ক্ষমা প্রার্থনা করে তার তিন মেয়ের নামে উল্লেখিত ফ্ল্যাটগুলি নামজারী করার জন্য আবেদন করেন।

সিদ্ধান্ত : আবেদনকারীর নিজ কন্যাদের নামে হেবা/দানপত্র রেজিস্ট্রি করার বিষয়টি ঘটনোত্তর অনুমোদন করা হলো এবং বোর্ডের সকল পাওনাদি পরিশোধ সাপেক্ষে রেজিস্ট্রিকৃত দলিল মোতাবেক নামজারীর সিদ্ধান্ত গৃহীত হলো।

২৮ বিবিধ (৫) : মিরপুর ডিওএইচএস এলাকায় তালুকদার ট্রেডিং কর্পোরেশন কর্তৃক স্থাপিত ভূ-গর্ভস্থ অপটিক্যাল ফাইবার এর চুক্তির মেয়াদ বৃদ্ধিকরণ প্রসংগে।

আলোচনা : বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, মের্সাস তালুকদার ট্রেডিং কর্পোরেশন, প্রোঃ- লেঃ কর্ণেল তালুকদার আলাউদ্দিন, পিএসসি, জি (অবঃ) কর্তৃক মিরপুর ডিওএইচএস এলাকায় আন্ডারগ্রাউন্ড ফাইবার অপটিক্যাল ক্যাবল স্থাপনের নিমিত্তে ২০ ডিসেম্বর, ২০০৮ তারিখে অত্র দপ্তরে আবেদন করেন। উক্ত আবেদনপত্রখানা ২১ জানুয়ারি, ২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১৮ এর মাধ্যমে উপস্থাপন করা হলে মিরপুর ডিওএইচএস পরিষদ এর মতামত সাপেক্ষে অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। এ প্রেক্ষিতে অত্র দপ্তরের ১১ ফেব্রুয়ারি, ২০০৯ তারিখে ঢাক্যাবো/পিডব্লিউ/৬০/৩/৩৭২ নং পত্রের মাধ্যমে মিরপুর ডিওএইচএস পরিষদে মতামতের জন্য প্রেরণ করা হয় এবং মিরপুর ডিওএইচএস পরিষদ কর্তৃক ১৮/২/২০০৯ তারিখে উক্ত প্রতিষ্ঠানকে আন্ডার গ্রাউন্ড ফাইবার অপটিক্যাল ক্যাবল স্থাপনের অনুমতি প্রদান করা যেতে পারে মর্মে জানান। পরবর্তীতে অত্র দপ্তরের ১৭ মার্চ, ২০০৯ তারিখের ঢাক্যাবো/পিডব্লিউ/৬০/৩/৩৭৮ নং পত্রের মাধ্যমে সদর দপ্তর, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর, ঢাকা সেনানিবাসে নিরাপত্তা ছাড়পত্রের জন্য প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে সদর দপ্তর, প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদপ্তর কর্তৃক ৩০ এপ্রিল, ২০০৯ তারিখে ১৯০০/৬০/ডিজিএফআই নং পত্রে উক্ত প্রতিষ্ঠানকে নিরাপত্তা ছাড়পত্র প্রদান করা হয়। পরবর্তীতে ১৮ মে, ২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১৮ এর মাধ্যমে উপস্থাপন করা হলে মিরপুর ডিওএইচএস এলাকায় আন্ডার গ্রাউন্ড ফাইবার অপটিক্যাল ক্যাবল স্থাপনের নিমিত্তে তালুকদার ট্রেডিং কর্পোরেশনকে অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। অত্র দপ্তরের ৪/৬/২০০৯ তারিখের ঢাক্যাবো/পিডব্লিউ/৬০/৩/৩৮২ নং পত্রের মাধ্যমে ১৫০/- টাকার নন জুটিশিয়াল স্ট্যাম্পে চুক্তিবদ্ধ হওয়ার জন্য অনুরোধ করা হয় এবং অত্র দপ্তর কর্তৃক একটি খসড়া চুক্তিপত্র তৈরী করা হয়। উক্ত খসড়া চুক্তিপত্রের উপর তালুকদার ট্রেডিং কর্পোরেশন কর্তৃক আপত্তি জানান। খসড়া চুক্তি পত্রের আপত্তি সমূহ ৩০ আগস্ট, ২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার আলোচ্যসূচী-৯ এর মাধ্যমে উপস্থাপন করা হলে মিরপুর ডিওএইচএস পরিষদের মতামত গ্রহণ করে বিষয়টি পরবর্তী বোর্ডসভায় উপস্থাপন করার



চলমান পাতা-৩৭

সিদ্ধান্ত গৃহীত হয়। ০৯ সেপ্টেম্বর, ২০০৯ তারিখের ঢাক্যাবো/টিআরসি/৫৪/৭/ ২০১ নং পত্রের মাধ্যমে ডিওএইচএস পরিষদে মতামতের জন্য প্রেরণ করা হলে ১৫/১০/২০০৯ তারিখের ১৭০১/ডিওএইচএস/মিরপুর নং পত্রে উক্ত বিষয়ে উল্লেখিত প্রতিষ্ঠানের কাজের মান সার্বিকভাবে সন্তোষজনক হলে ওভারহেড সংযোগ না প্রদানের বিষয়টি বিবেচনা করা যেতে পারে এবং প্রচলিত নিয়ম অনুসরণ করার বিষয়ে মত পোষণ করা হয়। পরবর্তীতে বিষয়টি ১৭ নভেম্বর, ২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী-১০ এর মাধ্যমে উপস্থাপন করা হলে বিস্তারিত আলোচনাস্তে বোর্ডের অনুমোদিত শর্তানুযায়ী চুক্তিপত্র সম্পাদন করতে সম্মত না হলে অনুমতি পত্র বাতিল করার সিদ্ধান্ত গৃহীত হয়। বিষয়টি অত্র দপ্তরের ৩/১২/২০০৯ তারিখের ঢাক্যাবো/টিআরসি/তাঃট্রেঃকর্পোঃ/১২ নং পত্রে তালুকদার ট্রেডিং কর্পোরেশনকে অবহিত করা হয়। পরবর্তীতে ২২ ডিসেম্বর, ২০০৯ তারিখে ০৫ বছর মেয়াদে চুক্তিপত্র সম্পাদন করা হয়। গত ০৫ মে, ২০১০ তারিখে উক্ত চুক্তিপত্রের মেয়াদ ০৫ বছরের স্থলে ২০ বছর করার জন্য তালুকদার ট্রেডিং কর্পোরেশন কর্তৃক পুনরায় অত্র দপ্তরে আবেদন করা হয়েছে।

চুক্তির মেয়াদ ০৫(পাঁচ) বছর বলবৎ থাকবে যা সন্তোষজনক মেয়াদান্তে ১৫(পনের) বছর পর্যন্ত নবায়নযোগ্য হবে।

ধ (৬) : মিরপুর ডিওএইচএস এলাকার ১ম ধাপের ৬০ - ০' চওড়া রাস্তা দু'টি মেরামত ও কার্পেটিংয়ের বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত।

না : বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, এতদ্বিষয়ে বাংলাদেশ সেনাবাহিনীর কোয়ার্টার মাস্টার ডোনারেল ও প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড সরেজমিনে মিরপুর ডিওএইচএস এর রাস্তাগুলো পরিদর্শন করেন। তিনি বলেন যে, ৬০ - ০' চওড়া রাস্তা ফুটপাথসহ ৬০ - ০' হওয়া যৌক্তিক। অতঃপর বিস্তারিত আলোচনাস্তে ২টি ৬০ - ০' প্রশস্ত রাস্তা প্রত্যেকটি ৩৬ - ০' প্রশস্ত করে সম্পন্ন করার সিদ্ধান্ত প্রদান করা হয়। এর মধ্যে একটি এপ্রোচ রোড হিসেবে ১৬ ইসিবি কর্তৃক সিটি কর্পোরেশন এর অর্থায়নে করা হবে। সংশোধিত ৯৬,৩০,০৫৭/- টাকার মূল্যানুমান ও নকশা প্রস্তুত করা হয়েছে।

৯৬,৩০,০৫৭/- (ছিয়ানব্বই লক্ষ ত্রিশ হাজার সাতান্ন) টাকার সংশোধিত মূল্যানুমান ও নকশা চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রেরণ করা হোক।

ধ (৭) : মিরপুর ডিওএইচএস এলাকার ১ম ধাপের ১১২ নং প্লট হতে পশ্চিম দিকে পাকা রাস্তা পর্যন্ত মেরামত ও কার্পেটিং কাজে ৫ - ০' রাস্তার প্রশস্ততা বৃদ্ধিকরণ প্রসংগে।

না : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, প্রস্তাবিত মূল্যানুমানে উক্ত রাস্তার প্রশস্ততা ১৫ - ০' ধরা হয়েছিল। বাস্তবে রাস্তাটি ২০ - ০' প্রশস্ত করা প্রয়োজন। এ জন্য অতিরিক্ত ৫ - ০' এর জন্য ৩,৯৫,৪২৬/- (ছয় লক্ষ পঁচানব্বই হাজার চারশত ছাব্বিশ) টাকা মূল্যানুমান ও নকশা প্রস্তুত করা হয়েছে। উল্লেখ্য যে, উক্ত ব্যয় মিরপুর ডিওএইচএস উন্নয়ন তহবিল হতে সংকুলান করা হবে।

মিরপুর ডিওএইচএস এলাকার ১ম ধাপের ১১২ নং প্লট হতে পশ্চিম দিকে পাকা রাস্তা পর্যন্ত মেরামত ও কার্পেটিং কাজে রাস্তার প্রশস্ততা ৫ - ০' বৃদ্ধির জন্য ৬,৯৫,৪২৬/- (ছয় লক্ষ পঁচানব্বই হাজার চারশত ছাব্বিশ) টাকার মূল্যানুমান ও নকশা অনুমোদন করা হলো। জরুরী ভিত্তিতে কার্যক্রম শুরু করার লক্ষ্যে চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

চলমান পাতা-৩৮

২৮ বিবিধ (৮) : ক্যান্টনমেন্ট বোর্ডের নিয়ন্ত্রণাধীন বিভিন্ন এলাকায় ০৮(আট)টি প্রকল্প কাজের অগ্রগতি প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের ০৮(আট)টি কাজের অগ্রগতি সন্তোষজনক নয়। এ বিষয়ে বোর্ডের নির্বাহী প্রকৌশলী জানান যে, সংশ্লিষ্ট ঠিকাদারগণকে বার বার তাগিদ দেয়া সত্ত্বেও তারা কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ করছেন না। বিষয়টির উপর বিস্তারিত আলোচনান্তে সংশ্লিষ্ট ঠিকাদারদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : সংশ্লিষ্ট ঠিকাদারগণকে চূড়ান্ত নোটিশ প্রদান করা হোক। এতে কোন কাজ না হলে তাদের বিরুদ্ধে বিধি মোতাবেক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হলো।

২৮ বিবিধ (৯) : বনানী ডিওএইচএস এলাকার ড্রেন নির্মাণের জন্য ৮৯টি অপ্রয়োজনীয় ছোট গাছ অপসারণ প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, বনানী ডিওএইচএস এলাকায় রাস্তার পার্শ্বে ড্রেন নির্মাণের নিমিত্তে রোড সংলগ্ন ৮৯টি ছোট গাছ কাটার প্রয়োজন হয়। সে মোতাবেক উক্ত গাছগুলো কর্তন করে অপসারণ করার জন্য উন্মুক্ত নিলাম ডাক অনুষ্ঠিত হয়। উক্ত নিলামে জনাব মোঃ আঃ রহিম, ১৯৯/২, কচুক্ষেত, ঢাকা সেনানিবাস কর্তৃক প্রদত্ত ৩৬,১০০/- (ছত্রিশ হাজার একশত) টাকার সর্বোচ্চ দর প্রদান করা হয়। কিন্তু এলাকাবাসীর বাঁধার কারণে উক্ত গাছগুলো কর্তন করা যায়নি বিধায় নিলাম ডাকের জমাকৃত অর্থ ফেরত প্রদান করা করা যেতে পারে মর্মে সভায় মত প্রকাশ করা হয়।

সিদ্ধান্ত : নিলাম ডাকের জমাকৃত ৩৬,১০০/- (ছত্রিশ হাজার একশত) টাকা ফেরৎ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হলো।

২৮ বিবিধ (১০) : ঢাকা সেনানিবাসের বিভিন্ন স্থানে বাণিজ্যিক ব্যাংক কর্তৃক এটিএম বুথ স্থাপন প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, গত ১৫ এপ্রিল, ২০১০ তারিখে অনুষ্ঠিত বোর্ডসভার আলোচ্যসূচী- ১৩ এর মাধ্যমে এটিএম বুথ স্থাপনের জন্য ট্রাষ্ট ব্যাংক লিমিটেড-কে প্রতি বর্গফুট মাসিক ২৫/- টাকা হারে ভাড়ায় অনুমতি প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবে ভাড়ার হার হবে প্রতি বর্গফুট মাসিক ২৫০/- টাকা।

সিদ্ধান্ত : সেনানিবাস এলাকায় এটিএম বুথ স্থাপনের জন্য প্রতিটি বাণিজ্যিক ব্যাংককে ক্যান্টনমেন্ট বোর্ডে এককালীন ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা ফি দিয়ে অনুমতি সংগ্রহ করতে হবে। এছাড়া জমির ভাড়া মাসিক প্রতি বর্গফুট ট্রাষ্ট ব্যাংক লিঃ এর জন্য ২৫০/- (দুইশত পঞ্চাশ) টাকা নির্ধারণের সিদ্ধান্ত গৃহীত হলো। উল্লেখ্য যে, অস্থায়ীভাবে বরাদ্দকৃত স্থানে ব্যাংক কর্তৃপক্ষকে সম্পূর্ণ নিজ খরচে অবকাঠামো নির্মাণ করতে হবে এবং বোর্ডের প্রয়োজনে ৩০(ত্রিশ) দিনের নোটিশ তা অপসারণ করতে হবে।

২৮ বিবিধ (১১) : জন্ম নিবন্ধন সনদপত্র ছাপানোর সর্বনিম্ন দর অনুমোদন প্রসংগে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড হতে ইস্যুকৃত জন্ম নিবন্ধন সনদপত্র ছাপানোর জন্য দরপত্র আহ্বান করা হলে গত ২৫ মে, ২০১০ তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে মডার্ণ কম্পিউটার্স এন্ড প্রিন্টার্স, ই-১০৭, মহাখালী স্কুল রোড, গুলশান, ঢাকা-১২১২ কর্তৃক প্রদত্ত প্রতিটি ৪.৯৫ (চার টাকা পঁচানব্বই পয়সা) টাকা হিসেবে ১০,০০০টি সনদপত্রের জন্য ৪৯,৫০০/- (উনপঞ্চাশ হাজার পাঁচশত) টাকার সর্বনিম্ন দর দাখিল করা হয়। উল্লেখ্য যে, উক্ত কাজের যাবতীয় ব্যয় জন্ম নিবন্ধন শাখার নৈমিত্তিক খাত হতে সংকুলান করা যেতে পারে।

সিদ্ধান্ত : ১৬০ গ্রাম আর্ট কার্ডে ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ডের রঙিন মনোগ্রামসহ ১০,০০০টি জন্ম নিবন্ধন সনদপত্র ছাপার জন্য মডার্ণ কম্পিউটার্স এন্ড প্রিন্টার্স কর্তৃক প্রদত্ত ৪৯,৫০০/- (উনপঞ্চাশ হাজার পাঁচশত) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করা হলো। পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হোক।

চলমান পাতা-৩৯

-ঃঃ ৩৯ ঃঃ-

২৮ বিবিধ (১২) : সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের ওয়েব সাইট তৈরীর সর্বনিম্ন দর অনুমোদন প্রসঙ্গে।

আলোচনা : বিষয়টির উপর আলোচনায় জানা যায় যে, সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরের জন্য ডায়নামিক ওয়েব সাইট তৈরীর জন্য দরপত্র আহ্বান করা হলে গত ২৫ মে, ২০১০ তারিখে ০৩(তিন)টি দরপত্র পাওয়া যায়। তন্মধ্যে অরেঞ্জ বিডি লিমিটেড, ৬, নর্থ গুলশান, সার্কেল-২, গুলশান-২, ঢাকা-১২১২ কর্তৃক প্রদত্ত ৬১,০০০/- (একষট্টি হাজার পাঁচশত) টাকার দরটি সর্বনিম্ন হয়। এ প্রসঙ্গে উল্লেখ্য যে, উক্ত কাজের যাবতীয় ব্যয় সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তর হতে প্রাপ্ত অনুদান দ্বারা সংকুলান করা হবে।

সিদ্ধান্ত : অরেঞ্জ বিডি লিমিটেড কর্তৃক প্রদত্ত ৬১,০০০/- (একষট্টি হাজার পাঁচশত) টাকার সর্বনিম্ন দরটি অনুমোদন করার সিদ্ধান্ত গৃহীত হলো। চূড়ান্ত অনুমোদনের জন্য সামরিক ভূমি ও সেনানিবাস অধিদপ্তরে প্রস্তাব প্রেরণ করা হোক।

২৮ বিবিধ (১৩) : মিরপুর ক্যান্টনমেন্ট বোর্ড উচ্চ বিদ্যালয়, মিরপুর এর প্রধান নামফলক রংকরণসহ স্কুলের বৈদ্যুতিক কাজ ও অন্যান্য অত্যাবশ্যকীয় মেরামত কাজের মূল্যানুমান অনুমোদন প্রসঙ্গে।

আলোচনা : প্রস্তাবনাটির উপর আলোচনায় জানা যায় যে, মিরপুর ক্যান্টনমেন্ট বোর্ড স্কুলের বিদ্যমান নামফলকের অবস্থা খুবই খারাপ এবং জরাজীর্ণ। এতদ্ব্যতীত স্কুলের পনির লাইনের কাজসহ বৈদ্যুতিক কিছু কাজ করা একান্ত জরুরী। এ কাজের জন্য ৪৮,৪৫০/- (আটচল্লিশ হাজার চারশত পঞ্চাশ) টাকার মূল্যানুমান প্রস্তুত করা হয়েছে। এ কাজের যাবতীয় ব্যয় সংশ্লিষ্ট স্কুলের বাৎসরিক মেরামত ও রক্ষণাবেক্ষণ খাত হতে সংকুলান করা যাবে মর্মে সভাকে অবহিত করা হয়।

সিদ্ধান্ত : ৪৮,৪৫০/- (আটচল্লিশ হাজার চারশত পঞ্চাশ) টাকার মূল্যানুমান অনুমোদন করা হলো। দরপত্র আহ্বানপূর্বক জরুরী ভিত্তিতে কাজটি সম্পাদন করা হোক।

অন্য কোন আলোচ্যসূচী না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ নাজমুছ সাদাত সেলিম)
সেক্রেটারী, ক্যান্টনমেন্ট বোর্ড

ও
ক্যান্টনমেন্ট একজিকিউটিভ অফিসার
ঢাকা ক্যান্টনমেন্ট।

(কর্ণেল তানভির হাসান মজুমদার)
প্রেসিডেন্ট, ক্যান্টনমেন্ট বোর্ড

ও
স্টেশন কমান্ডার
ঢাকা সেনানিবাস।